# সূচিপত্র।


## প্রথম অধ্যায়।

[ রাশি, তিথি ও নক্ষত্র ]

| | পত্রাঙ্ক। |
|---|---|
| মঙ্গলাচরণম্ | ১ |
| জ্যোতির্ব্বিৎ-প্রশংসা | ১ |
| রবিভুক্তি-নির্ণয় প্রণালী | ৩ |
| নক্ষত্র-কথন | ৪ |
| কালপুরুষ ও অঙ্গবিভাগ | ৪ |
| জন্ম-নক্ষত্র ও গণনিরূপণ-চক্র | ৬ |
| নবতারা ও শতপদ চক্র | ৭ |
| তিথিসংজ্ঞা ও বিবরণ | ৮ |
| তিথিবিভাগ চক্র | ৯ |
| যোগ-সংজ্ঞা ও করণ সংজ্ঞা | ৯ |
| রাশিসংজ্ঞা ও বিবরণ | ১০ |
| ক্রূর-সৌম্যাদিরাশি-বিবেক | ১১ |
| বর্গোত্তম-কথন | ১২ |
| রাশির হ্রস্বতাদিবিবেক | ১৩ |
| রাশ্যধিপ-চক্র,কেন্দ্র-উপচয়াদি সংজ্ঞা | ১৫ |
| জন্মরাশি ও রাশি-নামের আগ্যক্ষর | ১৭ |
| বর্ণবিবেক চক্র | ১৭ |
| ষড়বর্গ-বিবেক | ১৮ |

## দ্বিতীয় অধ্যায়।

[ গ্রহ ও লগ্ন ]

| | |
|---|---|
| গ্রহসংজ্ঞা ও বিবরণ | ১৯ |
| গ্রহদিগের দৃষ্টিচক্র | ২৫ |
| গ্রহদিগের মিত্রতাদি চক্র | ২৭ |
| মূলত্রিকোণ চক্র | ২৯ |
| উচ্চস্থ ও নীচস্থ চক্র | ৩০ |
| গ্রহগণ কর্তৃক নরদেহ বিভাগ | ৩২ |
| গ্রহদিগের দীপ্তাংশ বিবেক | ৩৩ |
| গ্রহদিগের গতি | ৩৩ |
| শুক্রাদিগ্রহ-বিজ্ঞান | ৩৫ |
| চন্দ্রের শুভাশুভত্ব | ৩৬ |
| স্নেহদৃষ্টি ও বৈরদৃষ্টি কথন | ৩৫ |
| বিনষ্টাদি গ্রহলক্ষণ | ৩৭ |
| গ্রহদিগের কারকতা | ৩৮ |
| লগ্ন-বিজ্ঞান | ৪১ |
| লগ্নমানের তালিকা | ৪২ |
| লগ্ননির্ণয়-প্রণালী | ৪৩ |
| গুলিকাদিপঞ্চ-সাধনম্ | ৪৭ |
| লগ্ন-পরীক্ষা | ৪৯ |
| জারজযোগ কথন | ৫৭ |
| জারজযোগভঙ্গ | ৫৯ |
| লগ্নস্ফুট-খণ্ডা | ৬১ |

## তৃতীয় অধ্যায়।

[ রিষ্টি প্রকরণ ]

| | |
|---|---|
| ত্রিবিধ গণ্ড কথন | ৬৪ |
| গণ্ডরিষ্টিকাল-কথন | ৬৫ |

| | পত্রাঙ্ক। |
|---|---|
| গণ্ডযোগ ভঙ্গ | ৬৫ |
| গণ্ডদোষে প্রতিবিধান ও শান্তি | ৬৬ |
| পিতৃমাতৃগণ্ড | ৬৭ |
| গণ্ডদোষাপবাদ | ৬৮ |
| নক্ষত্র বার-যোগে রিষ্টি | ৬৯ |
| পতাকীবেধ-নির্ণয় | ৬৯ |
| পতাকীরিষ্টি-বিচার | ৭১ |
| চতুষ্টয় পতাকী-বেধ | ৭২ |
| নিয়ত পতাকী-রিষ্টি | ৭২ |
| অনিয়ত পতাকী-রিষ্টি | ৭৩ |
| পতাকী-রিষ্টিকাল নিরূপণ | ৭৫ |
| যামার্দ্ধাধিপ চক্র | ৭৭ |
| রাত্রি ও দিবাদণ্ডাধিপ | ৭৮ |
| সন্দেহ দণ্ড-নির্ণয় | ৭৯ |
| দণ্ডাধিপ চক্র ও ফল | ৮০-৮১ |
| পতাকীবেধনির্ণয়ী চক্র | ৮২ |
| দণ্ডাধিপতি নির্ণয় | ৮৩ |
| দ্বাদশলগ্ন-রিষ্টি | ৮৫ |
| শিশু-রিষ্টি কথন | ৮৮ |
| রব্যাদি গ্রহরিষ্টি | ৮৯ |
| সদ্যোরিষ্টি | ৯৫ |
| পিতৃ-রিষ্টি | ৯৮ |
| মাতৃ-রিষ্টি | ১০১ |
| রিষ্টিভঙ্গ-যোগ | ১০৪ |
| লগ্ন-ফল | ১০৯ |
| রাশি-ফল | ১১৩ |


## চতুর্থ অধ্যায়।

[ ষড়বর্গ প্রকরণ ]


| | পত্রাঙ্ক। |
|---|---|
| গ্রহক্ষেত্র ও ক্ষেত্রাধিপ চক্র | ১১৭ |
| হোরাধিপ চক্র | ১১৮ |
| দ্রেক্কাণাধিপ চক্র | ১১৯ |
| নবাংশাধিপ চক্র | ১২০ |
| দ্বাদশাংশাধিপ চক্র | ১২১ |
| ত্রিংশাংশাধিপ চক্র | ১২২ |
| ষড়বর্গ-গণনা প্রণালী | ১২৩ |
| ষড়বর্গমান-নির্ণয়ী চক্র | ১২৪ |
| ক্ষেত্রফল | ১২৬ |
| হোরাফল | ১২৭ |
| দ্রেক্কাণফল | ১২৮ |
| স্ত্রীপুরুষ-জ্ঞাপক দ্রেক্কাণ-চক্র | ১৩১ |
| নবাংশ-ফল | ১৩১ |
| দ্বাদশাংশ ফল | ১৩৪ |
| ত্রিংশাংশ ফল | ১৩৫ |
| লগ্নস্ফুট গণনার নিয়ম | ১৩৬ |
| আদর্শ কোষ্ঠী | ১৩৮ |


## পঞ্চম অধ্যায়।

[ বিবিধ গণনা ]


| | |
|---|---|
| জাতচক্র-প্রস্তুত প্রণালী | ১৪৫ |
| জাতচক্র | ১৪৭ |
| ষণ্নাড়ী নির্ণয় | ১৪৮ |
| ষণ্নাড়ী চক্র | ১৪৯ |
| সপ্তবিংশতি নক্ষত্রের ষণ্নাড়ী চক্র | ১৫০ |

| | পত্রাঙ্ক। |
|---|---|
| ত্রিপাপ চক্র বিবরণ | ১৫১ |
| ত্রিপাপচক্র-ফল | ১৫১ |
| ত্রিপাপচক্র | ১৫৩ |

**ষষ্ঠ অধ্যায়।**

| | |
|---|---|
| তুঙ্গস্থ গ্রহফল | ১৬২ |

**সপ্তম অধ্যায়।**

[ ভাব প্রকরণ ]

| | |
|---|---|
| দ্বাদশভাব-সংজ্ঞা | ১৬৫ |
| তন্বাদিভাবে কিং চিন্তনীয়ম্ | ১৬৭ |
| ভাবফল-চিন্তা | ১৭০ |
| অরাত্যাদি-ভাববিবেক | ১৭১ |
| ভাবজ্ঞানে বিশেষবিধি | ১৭২ |
| **তনুভাব-বিবেক** | **১৭২** |
| দেহসৌখ্য যোগ | ১৭৪ |
| স্থূলাস্থূল যোগ | ১৭৫ |
| অগ্নিদগ্ধ ও চৌরভীতিযোগ | ১৭৬ |
| বিদ্রধি-পীড়াযোগ | ১৭৭ |
| মস্তক-পীড়া ও আঘাতযোগ | ১৭৭ |
| শত্রুভীতি ও ব্রণাদিযোগ | ১৭৮ |
| বিদ্যা যশোযোগ | ১৭৮ |
| যশস্বি-পিতৃযোগ | ১৭৯ |
| স্বদেশ ও বিদেশভাগ্য-যোগ | ১৭৯ |
| শরীর-চিহ্নযোগ | ১৮০ |
| অঙ্গবিভাগ চক্র | ১৮২ |
| লগ্নস্থ-গ্রহফল | ১৮৩ |
| লগ্নেশস্থিতি-ফল | ১৮৭ |

| | পত্রাঙ্ক। |
|---|---|
| লগ্নস্থ গ্রহবশে রসাপ্রয়তা | ১৮৮ |
| দ্বিগ্রহযোগ-ফল ( লগ্নে ) | ১৮৯ |
| **ধনভাব-বিবেক** | **১৯৩** |
| সম্বোধন-যোগ | ১৯৪ |
| কোটীশ্বর ও বিবিধ ধনলাভ যোগ | ১৯৫ |
| ধননাশ-যোগ ( বিবিধ ) | ১৯৮ |
| ঋণগ্রস্ত-যোগ | ১৯৯ |
| নেত্রপীড়া-যোগ | ২০০ |
| গলরোগ-যোগ | ২০২ |
| গ্রহণী-সান্নিপাতাদি রোগযোগ | ২০৩ |
| কুক্কুর-সর্পভয়যোগ | ২০২ |
| কুভোজন ও শীঘ্রভোজনাদিযোগ | ২০৩ |
| মুখদুর্গন্ধ যোগ | ২০৪ |
| অসত্যবাক্, কপট-যোগ | ২০৪ |
| তস্কর-যোগ | ২০৫ |
| গণিতজ্ঞ-যোগ | ২০৫ |
| বাগ্মি-যোগ | ২০৬ |
| ধনভাবস্থ-গ্রহফল | ২০৬ |
| ধনেশ-স্থিতিফল | ২১১ |
| **ভ্রাতৃভাব-বিবেক** | **২১২** |
| সহজস্থ গ্রহফল | ২১৭ |
| তৃতীয়েশ-স্থিতিফল | ২২২ |
| **বন্ধুভাব-বিবেক** | **২২৩** |
| বহুমাতৃ-যোগ | ২২৪ |
| পুণ্যশীলযোগ | ২২৫ |
| ভগিনীগামি-যোগ | ২২৫ |

| | পত্রাঙ্ক। |
|---|---|
| লম্পটপিতাযোগ | ২২৬ |
| ধনসত্ত্বে দুঃখযোগ | ২২৬ |
| বাহনলাভ ও গৃহলাভ যোগ | ২২৬ |
| বিদেশবাস যোগ | ২২৭ |
| ভূমিলাভ ও নাশযোগ | ২২৭ |
| প্রোথিতবিত্তলাভ যোগ | ২২৮ |
| সুখভাবস্থ গ্রহফল | ২২৯ |
| **সুতভাব-বিবেক** | **২৩৪** |
| পুত্রলাভযোগ | ২৩৫ |
| বহুপুত্রযোগ | ২৩৬ |
| অগ্রিম পুত্রজননযোগ | ২৩৯ |
| কাকবন্ধ্যা ও বন্ধ্যাযোগ | ২৪০ |
| অনপত্য ও দত্তকপুত্রযোগ | ২৪১ |
| পিতৃবশ্য ও পিতৃ-শত্রু পুত্রযোগ | ২৪২ |
| পুত্রদ্বারা অগ্নি-সৎকার | ২৪৪ |
| বংশনাশ যোগ | ২৪৪ |
| বুদ্ধিযোগ | ২৪৭ |
| গ্রন্থপ্রণেতৃ-যোগ | ২৪৭ |
| সুতভাবস্থ গ্রহফল | ২৪৮ |
| পঞ্চমেশ-স্থিতিফল | ২৫১ |
| **রিপুভাব-বিবেক** | **২৫২** |
| বহুবিধ-রোগযোগ | ২৫৩ |
| শত্রুপীড়া ও জ্ঞাতিপীড়াযোগ | ২৫৪ |
| শত্রুভাবস্থ গ্রহফল | ২৫৫ |
| **জায়াভাব-বিবেক** | **২৫৯** |
| বহুবিবাহ-যোগ | ২৬১ |

| | পত্রাঙ্ক |
|---|---|
| পত্নীহানি-যোগ | ২৬২ |
| পাপিনী-রোগিণী পত্নীযোগ | ২৬৫ |
| বিবাহসময়-নিরূপণ | ২৬৬ |
| কামুক-জারযোগ | ২৬৭ |
| বিবাহে ভাগ্যোদয় ও নাশযোগ | ২৬৭ |
| বাল্যে বিবাহযোগ | ২৬৮ |
| বিবাহবর্ষ-নিরূপণ | ২৬৮ |
| জায়াভাবস্থ গ্রহফল | ২৬৯ |
| সপ্তমেশ-স্থিতিফল | ২৭৩ |
| **নিধনভাব-বিবেক** | **২৭৪** |
| দীর্ঘায়ুর্যোগ | ২৭৪ |
| মধ্যায়ুঃ অল্পায়ুর্যোগ | ২৭৬ |
| অষ্টমে শুভাশুভগ্রহ-যোগফল | ২৭৮ |
| মরণহেতু-নির্দ্দেশ | ২৭৮ |
| বিদেশে মৃত্যুযোগ | ২৮১ |
| পরাশরোক্ত আয়ুর্গণনা | ২৮১ |
| হোরালগ্নানয়ন | ২৮৫ |
| আয়ুঃ-শোধন | ২৮৭ |
| মারকদশা-বিচার | ২৮৯ |
| মরণদশা-নিরূপণ | ২৯৩ |
| আয়ুর্গণনার উদাহরণ | ২৯৪ |
| নিধনস্থ-গ্রহফল | ২৯৬ |
| নিধনেশ-স্থিতিফল | ৩০০ |
| **ভাগ্যভাব-বিবেক** | **৩০১** |
| স্বদেশ-বিদেশ-ভাগ্যযোগ | ৩০২ |
| বিশিষ্টভাগ্য-যোগ | ৩০৩ |

| | পত্রাঙ্ক। |
|---|---|
| ভাগ্যোদয়বর্ষ-নিরূপণ | ৩০৫ |
| দারিদ্র্যযোগ | ৩০৬ |
| ধর্ম্মাদিযোগ | ৩০৮ |
| পাপযোগ | ৩০৯ |
| তীর্থপর্য্যটনযোগ | ৩০৯ |
| পিতৃ-ভাগ্য ও মৃত্যুবর্ষনিরূপণ | ৩১০ |
| সন্ন্যাস-যোগ | ৩১১ |
| কেমদ্রুম-যোগ | ৩১২ |
| সুনফানফাদিযোগ | ৩১৩ |
| কেমদ্রুমভঙ্গযোগ | ৩১৪ |
| ভাগ্যভাবস্থ-গ্রহফল | ৩১৫ |
| ধর্ম্মেশ-স্থিতিফল | ৩২০ |
| **কর্ম্মভাব-বিবেক** | **৩২১** |
| মাতৃ-পিতৃবিনাশযোগ | ৩২৩ |
| অর্থাপ্তিযোগ | ৩২৫ |
| গ্রহবশে বৃত্তিজ্ঞান | ৩২৬ |
| দশমস্থানে গ্রহদৃষ্টি-ফল | ৩২৭ |
| কর্ম্মভাবস্থ গ্রহফল | ৩২৭ |
| চন্দ্রের দশমে গ্রহফল | ৩৩২ |
| কর্ম্মেশ-স্থিতিফল | ৩৩৩ |
| **আয়ভাব-বিবেক** | **৩৩৪** |
| আয়ভাবস্থ-গ্রহফল | ৩৩৭ |
| লাভেশ-স্থিতিফল | ৩৪২ |
| **ব্যয়ভাব-বিবেক** | **৩৪৩** |
| বন্ধনযোগ | ৩৪৯ |
| ব্যয়ভাবস্থ-গ্রহফল | ৩৫০ |

| | পত্রাঙ্ক |
|---|---|
| ব্যয়েশ-স্থিতিফল | ৩৫৪ |
| লগ্নাধিপের বিনিময়যোগফল | ৩৫৫ |
| দশমস্ফুট-খণ্ড | ৩৫৬ |
| দশমস্ফুট-সাধন | ৩৬০ |
| সূর্য্যাদিস্ফুট-নিরূপণ | ৩৬২ |
| অধিপতি গ্রহের শুভাশুভত্ব | ৩৬৬ |
| দ্বাদশলগ্নে গ্রহগণের শুভাশুভত্ব | ৩৬৬ |
| গ্রহের দীপ্তাদি নবভাব | ৩৬৯ |
| গ্রহের ষড়্‌ভাব | ৩৭১ |
| ষড়্‌ভাবস্থ-গ্রহফল | ৩৭২ |
| শয়নাদি-দ্বাদশাবস্থা | ৩৭৪ |
| শয়নাদ্যবস্থা-নির্ণয়চক্র | ৩৭৫ |
| সর্ব্বভাবফল | ৩৭৬ |


## অষ্টম অধ্যায়।

[ যোগখণ্ড ]


| | |
|---|---|
| রাজযোগ | ৩৭৭ |
| গ্রহাণাং চতুর্ব্বিধসম্বন্ধ-কথনম্ | ৩৭৭ |
| জীবযোগ | ৩৯০ |
| নিশাশঙ্কাযোগ | ৩৯০ |
| রাজহংসযোগ | ৩৯০ |
| চন্দ্রপ্রভাযোগ | ৩৯০ |
| ক্ষেত্রসিংহাসনযোগ | ৩৯০ |
| সৌরিগুরুপূর্ণদৃষ্টিযোগ | ৩৯১ |
| সর্ব্বগ্রহদৃষ্ট-বৃহস্পতিযোগ | ৩৯১ |
| বিবিধ রাজযোগ | ৩৯২ |
| রাজযোগ-ভঙ্গযোগ | ৩৯৭ |

| | পত্রাঙ্ক। |
|---|---|
| ধনবান্‌যোগ | ৩৯৯ |
| ধননাশযোগ | ৪০১ |
| ঋণগ্রস্ত ও দারিদ্র্যযোগ | ৪০২ |
| তীর্থমৃত্যুযোগ | ৪০৪ |
| বহুবিধ মৃত্যুযোগ | ৪০৮ |
| বজ্রপাতে মৃত্যুযোগ | ৪০৯ |
| সর্পদংশনে মৃত্যুযোগ | ৪০৯ |
| বদান্যতাযোগ | ৪১০ |
| গণিতশাস্ত্রযোগ | ৪১১ |
| জলমজ্জনযোগ | ৪১১ |
| বংশনাশযোগ | ৪১২ |
| গুরুচণ্ডালীযোগ | ৪১২ |
| উন্মাদযোগ | ৪১৩ |
| অঙ্গচ্ছেদযোগ ( বিবিধ ) | ৪১৪ |
| চক্ষুহীনযোগ | ৪১৪ |
| খঞ্জ-কর্ণচ্ছেদ ও লিঙ্গচ্ছেদ যোগ | ৪১৫ |
| পাতকীযোগ | ৪১৫ |
| শিরশ্ছেদযোগ | ৪১৬ |
| অর্শপীড়াযোগ | ৪১৭ |
| শূল, ক্ষয় গুল্মযোগ | ৪১৭ |
| জাতিভ্রংশম্লেচ্ছাদিযোগ | ৪১৫ |
| চৌরযোগ | ৪২০ |
| দীর্ঘায়ুর্যোগ | ৪২১ |


## নবম অধ্যায়।

[ অষ্টবর্গ ]


| | |
|---|---|
| অষ্টবর্গরেখাচক্র | ৪২২ |
| গ্রহগণের শুদ্ধাশুদ্ধ | ৪২৪ |
| বিন্দু ও রেখাপাত-প্রণালী | ৪২৫ |
| অষ্টবর্গে গ্রহফল | ৪২৭ |
| মহাষ্টবর্গনিরূপণ | ৪৩০ |
| মহাষ্টবর্গফল | ৪৩১ |
| অপত্য ও মৃত্যুবিচার | ৪৩২ |
| সূর্য্যাষ্টবর্গোদাহরণচক্রম্ | ৪৩৫ |


## দশম অধ্যায়।

[ দশা প্রকরণ ]


| | |
|---|---|
| নাক্ষত্রিকী দশা | ৪৩৬ |
| দশাধিকারমাত | ৪৩৬ |
| দশাধিপ-নির্ণয় | ৪৩৮ |
| অন্তর্দ্দশা-আনয়ন | ৪৪০ |
| অষ্টোত্তরী-দশানির্ণয়চক্র | ৪৪২ |
| দশাগণনার নিয়ম | ৪৪৩ |
| বিংশোত্তরীদশা-নিরূপণচক্র | ৪৪৪ |
| প্রাণদশানয়ন | ৪৪৬ |
| দশাস্ফুট-ভোগ্যানয়ন | ৪৪৭ |
| অষ্টোত্তরী অন্তর্দ্দশাচক্র | ৪৪৮ |
| বিংশোত্তরী অন্তর্দ্দশাচক্র | ৪৫০ |
| বিংশোত্তরী-প্রত্যন্তর্দ্দশাবিভাগ | ৪৫১ |
| অষ্টোত্তরী-দশাফল | ৪৬১ |
| সাবনশুদ্ধি | ৪৬৯ |
| বিংশোত্তরী-দশান্তর্দ্দশাফল | ৪৭০ |
| মরণদশা-নিরূপণ | ৪৭৬ |
| নিত্যদশা তৎফলঞ্চ | ৪৭৬ |

| | পত্রাঙ্ক। |
|---|---|
| **একাদশ অধ্যায়।** | |
| [ দম্পতি-মিলন ] | |
| যোটক-বিচার | ৪৭৯ |
| বর্ণ, বশ্য ও তারাকূট | ৪৮০ |
| যোনিবৈরতা | ৪৮২ |
| গ্রহমৈত্রকূট | ৪৮৩ |
| গণফল ও রাশিকূট | ৪৮৩ |
| রাজযোটক প্রশংসা | ৪৮৪ |
| দম্পতিমিলন চক্র | ৪৮৫ |
| বিষমসপ্তকে দোষ | ৪৮৬ |
| মিত্রষড়ষ্টক, অরিষড়ষ্টক | ৪৮৬ |
| দ্বি-দ্বাদশমেলক | ৪৮৭ |
| নব-পঞ্চকে প্রতিপ্রসব | ৪৮৮ |
| নক্ষত্রযোগে বিশেষফল | ৪৮৮ |
| নাড়ীকূট, নাড়ী-বেধফল | ৪৮৯ |
| **দ্বাদশ অধ্যায়।** | |
| স্ত্রী-জাতক | |
| লগ্নফল | ৪৯২ |
| রাশিফল | ৪৯৫ |
| নারীচক্র | ৪৯৯ |
| **ত্রয়োদশ অধ্যায়।** | |
| [ স্ত্রী-জাতক ] | |
| তন্বাদি-দ্বাদশভাবচিন্তা | ৫০০ |
| নারীচরিত্রাদি-বিচার | ৫১৮ |
| রাজপত্নীযোগ | ৫২১ |
| বন্ধ্যাযোগ | ৫২৪ |
| নারীর পঞ্চদোষ | ৫২৬ |
| দারিদ্র্য-বৈধব্য-মৃত্যুযোগ | ৫২৭ |
| বিষকন্যাদি ভঙ্গযোগ | ৫২৯ |
| কুলটা-বাধক-বিষকন্যাযোগ | ৫৩০ |
| দুর্ভাগ্য-কুলনাশ-ব্যভিচারিণীযোগ | ৫৩২ |
| সৌভাগ্যযোগ | ৫৩৩ |
| কাকবন্ধ্যাযোগ | ৫৩৪ |
| কষ্টে প্রসব ও সহমরণ যোগ | ৫৩৫ |
| ইষ্টদণ্ড-শোধনপ্রণালী | ৫৩৬ |
| আদর্শ-নারীকোষ্ঠী | ৫৩৮ |
| **চতুর্দ্দশ অধ্যায়।** | |
| [ গ্রহপীড়া ও শান্তি ] | |
| গ্রহপীড়া, গ্রহশান্তি ও স্নান | ৫৪৫ |
| গ্রহপূজা, গ্রহহোম-সমিৎ-দক্ষিণা | ৫৪৭ |
| গ্রহদোষে মূল ও মাণিক্যাদিধারণ | ৫৪৯ |
| গ্রহদোষে বিপ্রাদিভোজন | ৫৫০ |
| গোচরজ্ঞানে বিশেষবিধি | ৫৫১ |
| দ্বিগ্রহ যোগফল | ৫৫২ |
| গ্রহে দৃষ্টিফল | ৫৫৫ |
| হোরারম্ভে জাতক-বিবেক | ৫৫৫ |
| বিবিধ যোগ | ৫৫৬ |
| চতুঃসাগর-শত্রুঞ্জয়-ষট্‌শূন্যযোগ | ৫৫৭ |
| বিবিধ রোগ ও মৃত্যুযোগ | ৫৫৮ |
| ব্রহ্মঘাতীযোগ | ৫৫৯ |
| সর্ব্বগ্রহাবলোকিতলগ্নফল | ৫৫৯ |
| সর্ব্বগ্রহেক্ষিত চন্দ্রফল | ৫৬০ |

# সূচিপত্র।


| | পত্রাঙ্ক। |
|---|---|
| একাদিস্বগৃহস্থিত গ্রহফল | ৫৬০ |
| মোক্ষযোগ | ৫৬০ |
| পুত্রকন্যার বিবাহ-নিসিদ্ধমাস | ৫৬০ |
| জন্মমাসে বিবাহফল | ৫৬১ |
| বিবাহ | ৫৬২ |
| **পরিশিষ্ট।** | |
| [ জন্মপত্রিকা-বিচার ] | |
| বিচার সম্বন্ধে | ৫৬৪ |
| শ্রীশ্রীরামচন্দ্রের জন্মপত্রিকা | ৫৬৫ |
| শ্রীশ্রীকৃষ্ণ " | ৫৬৭ |
| মহাপ্রভু চৈতন্যদেব " | ৫৬৯ |
| শঙ্করাচার্য্য | ৫৭১ |
| শ্রীশ্রীরামকৃষ্ণ পরমহংস | ৫৭৬ |
| ভারতেশ্বরী ভিক্টোরিয়া | ৫৭৮ |
| মহাবীর নেপোলিয়ান বোনাপার্ট | ৫৮০ |
| মহাতাবচাঁদ বাহাদুর | ৫৮১ |
| রমেশচন্দ্র মিত্র | ৫৮৫ |
| কেশবচন্দ্র সেন | ৫ ৮ |
| ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর | ৫৯০ |
| চন্দ্রকান্ত তর্কালঙ্কার | ৫৯৪ |
| সতীশচন্দ্র বিদ্যাভূষণ | ৫৯৬ |
| বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় | ৫৯৮ |
| রবীন্দ্রনাথ ঠাকুর | ৬০১ |
| গিরিশচন্দ্র ঘোষ | ৬০৫ |
| অক্ষয়কুমার বড়াল | ৬০৭ |
| নবীনচন্দ্র সেন | ৬০৯ |
| মতিলাল রায় | ৬১১ |
| পাঁচকড়ি দে | ৬১৬ |
| গঙ্গাপ্রসাদ সেন | ৬২১ |
| দ্বারকানাথ সেন | ৬২৪ |
| মহেন্দ্রলাল সরকার | ৬২৭ |
| নগেন্দ্রনাথ ঘোষ | ৬৩০ |

| | পত্রাঙ্ক। |
|---|---|
| উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় | ৬৩৩ |
| ঈশ্বরচন্দ্র গুপ্ত | ৬৩৬ |
| দামোদর মুখোপাধ্যায় | ৬ ৮ |
| অক্ষয়চন্দ্র সরকার | ৬৪০ |
| শ্রীমৎ রামানুজ | ৬৪২ |
| মহাত্মা গান্ধী | ৬৪৫ |
| কৃষ্ণানন্দ স্বামী | ৬৪৮ |
| বিজয়কৃষ্ণ গোস্বামী | ৬৫০ |
| শৌরীন্দ্রমোহন ঠাকুর | ৬৫২ |
| যতীন্দ্রমোহন ঠাকুর | ৬৫৪ |
| মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর | ৬৫৬ |
| গণিমিয়া সাহেব বাহাদুর | ৬৫৮ |
| জয়কৃষ্ণ মুখোপাধ্যায় | ৬৬০ |
| চন্দ্রমাধব ঘোষ | ৬৬২ |
| নরেন্দ্রনাথ সেন | ৬৬৪ |
| মহেশচন্দ্র ন্যায়রত্ন | ৬৬৬ |
| গঙ্গাধর রায় | ৬৬৮ |
| রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী | ৬৭০ |
| ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় | ৬৭২ |
| চন্দ্রনাথ বসু | ৬৭৪ |
| রজনীকান্ত গুপ্ত | ৬৭৬ |
| অক্ষয়কুমার মৈত্রেয় | ৬৭৮ |
| নগেন্দ্রনাথ বসু | ৬৮০ |
| দীনেশচন্দ্র সেন | ৬৮২ |
| হারাণচন্দ্র রক্ষিত | ৬৮৪ |
| অর্দ্ধেন্দুশেখর মুস্তফী | ৬৮৬ |
| সুরেন্দ্রনাথ ঘোষ | ৬৮৮ |
| অরবিন্দ ঘোষ | ৬৮৯ |
| শ্যামাদাস বাচস্পতি | ৬৯০ |
| শশধর তর্কচূড়ামণি | ৬৯১ |
| পি. এম. বাগচী | ৬৯২ |
| বিচার সার-সংক্ষেপ | ৬৯৩ |

মীনলগ্ন রিষ্টি ;—যদি মীনলগ্নে জন্ম হয় এবং চন্দ্রযুক্ত শনি, মঙ্গল ও রাহু বৃশ্চিকরাশিতে থাকেন, তবে দ্বাদশ দিবসে জাতশিশুর মৃত্যু কল্পনা করিবে। যদি বলবান্ রিষ্টিভঙ্গ-যোগ থাকে, তবে এই সমস্ত অরিষ্ট সমুৎপন্ন হয় না ॥ ১২

## অথ শিশুরিষ্টি-কথনম্।

আদ্বাদশাব্দান্নরযোনি জন্মনামায়ুঃ
কলৌ নিশ্চয়িতুং ন শক্যতে।
মাত্রা চ পিত্রা কৃতপাপকর্ম্মণা।
বালগ্রহৈর্নাশমুপৈতি বালকঃ ॥ ১৩
আদ্যে চতুষ্কে জননীকৃতাঘৈ-
র্মধ্যে তু পিত্রার্জ্জিত-পাপসঙ্ঘৈঃ।
বাল[illegible] চতু[illegible]
স্বকীয়দোষৈঃ সমুপৈতি নাশম্ ॥ ১৪

ইতি পারিজাত।

[illegible] "জাতক পারিজাত" গ্রন্থে উক্ত হইয়াছে যে, বর্ত্তমান কলিযুগে মনুষ্যগণের দ্বাদশবর্ষ উত্তীর্ণ না হইলে, তাহাদের আয়ু (জীবিতত্ব) নিশ্চিত নির্ণীত হইতে পারে না। যেহেতু জাত বালক মাতৃকৃত পাপদোষ দ্বারা চতুর্থবর্ষ পর্য্যন্ত, পিতৃকৃত পাপদোষ দ্বারা পঞ্চম হইতে অষ্টম বর্ষের মধ্যে এবং নবম হইতে দ্বাদশ বর্ষের মধ্যে, জাতক স্বকীয় দোষ ও বালগ্রহাদি দ্বারা মৃত্যুমুখে পতিত হয় ॥ ১৩।১৪

ত্রিবিধমিহ শাস্ত্রকারা নিয়তমনিয়তঞ্চ যোগজমাহুঃ।
যোগসমুত্থং তাবদ্বক্ষে পশ্চাত্তু পরিশেষম্ ॥ ১৫

ইতি সারাবল্যাং

শাস্ত্রকারগণ, নিয়ত, অনিয়ত ও যোগজ এই তিন প্রকার রিষ্টি নির্দ্দেশ করিয়াছেন। তন্মধ্যে নিম্নে যোগজ-রিষ্টি কথিত হইতেছে। নিয়ত ও অনিয়ত রিষ্টি পশ্চাতে কথিত হইবে ॥ ১৫

## ত্রিপাপ-চক্র বিবরণ।

কেতু-পাতকী চক্র, কেতু-কুণ্ডলী চক্র এবং শুক্র-কুণ্ডলী চক্রের একত্রে সমা-বেশকে ত্রিপাপচক্র বলা যায়। জন্মনক্ষত্র দ্বারা উক্ত তিন চক্রের গণনা সমাধা হইয়া থাকে।

প্রথম বর্ষ হইতে ৩৬ বর্ষ পর্য্যন্ত যে সকল গ্রহ বর্ষাধিপতি হইয়া থাকেন, তাঁহারাই আবার ৩৭ হইতে ৭২ এবং ৭৩ হইতে ১০৮ বর্ষে যথাক্রমে বর্ষাধিপতি হইয়া থাকেন।

আমরা এস্থলে কেতু-পতাকী, কেতু-কুণ্ডলী ও শুক্র-কুণ্ডলীর পৃথক্রূপে চক্র-প্রদর্শন না করিয়া পর পৃষ্ঠায় কেবলমাত্র উহাদের সমাবেশিত ত্রিপাপচক্র প্রদর্শন করিলাম।

কিরূপে ত্রিপাপচক্র দেখিতে হয়, তাহা নিম্নে প্রকাশ করা যাইতেছে।

মনে করুন, এক ব্যক্তির রোহিণী নক্ষত্রে জন্ম, তাহার যখন ২৪ বৎসর বয়স (অর্থাৎ যখন ২৪ বৎসর চলিতেছে) সেই বৎসর ত্রিপাপচক্রে কোন্ কোন্ গ্রহ বর্ষাধিপতি হইল দেখিতে হইবে।

বর্ষাঙ্কের স্তম্ভে যেখানে ২৪এর অঙ্ক আছে, তাহার তলদেশে রোহিণীনক্ষত্রের স্তম্ভে দেখিতে পাইবেন যে রা, কে, ম, লিখিত আছে, ইহার অর্থ রাহু, কেতু ও মঙ্গল সেই বৎসর বর্ষাধিপতি হইয়াছেন। কেতুপতাকী, কেতুকুণ্ডলী ও শুক্র-কুণ্ডলী এই তিন চক্রে উক্ত বৎসর পাপগ্রহ বর্ষাধিপতি হইয়াছেন; সুতরাং ঐ বৎসর ত্রিপাপের বর্ষ হইয়াছে। ত্রিপাপের বৎসর অশুভ ফলপ্রদ।

## ত্রিপাপচক্র-ফলম্।

শুভং বিধৌ বুধে চ স্যান্মরণং রাহুমন্দয়োঃ।
গুরুদ্বয়ে মহাসৌখ্যং দুঃখং স্যাদ্ভৌমসূর্য্যয়োঃ॥১

ত্রিপাপচক্রে যে কোন বর্ষে চন্দ্র ও বুধ বর্ষাধিপ হইবেন, সেই বর্ষে শুভ ফল। আর যে বর্ষে রাহু শনি বর্ষাধিপ হইবেন, সেই বর্ষে মৃত্যুতুল্য ফল, বৃহস্পতিদ্বয় হইলে সুখসম্ভোগ, মঙ্গল ও রবি হইলে দুঃখ হইবে।

পাতকী-কুণ্ডলী কেতোঃ কুণ্ডলী চ বৃহস্পতেঃ।
সর্ব্বত্র পাপসংযোগে সংশয়ো জায়তে মহান্ ॥ ২

কেতু পতাকী, কেতু-কুণ্ডলী ও গুরু-কুণ্ডলী এই তিন মতে যদি পাপগ্রহের বর্ষ হয়, তবে সেই বর্ষে জীবনসংশয় হইয়া থাকে ॥ ২

রবিবর্ষে ভবেদ্দুঃখং কুজবর্ষে তথৈব চ।
কেতোশ্চ নিয়তং ক্লেশং সুখং চন্দ্রে তথা বুধে ॥ ৩

গুরৌ শুক্রে তথা রাজ্যং মহাক্লেশং শনৈশ্চরে।
রাহৌ তথৈব বিজ্ঞেয়ো গদিতো মিহিরাদিভিঃ ॥ ৪

দ্বিশনৌ সর্ব্বনাশঃ স্যাদ্দ্বিগুরৌ রাজভোগবৎ।
দ্বিরাহৌ শস্ত্রভীতিঃ স্যাদ্দ্বিশুক্রে ভোগমক্ষয়ং ॥ ৫

দ্বিরবৌ ক্লেশমাপ্নোতি দ্বিচন্দ্রে সুখমুত্তমং।
দ্বিকুজেঽগ্নিরুজা পীড়া দ্বিবুধে ধনসঞ্চয়ঃ ॥ ৬

ত্রিরবৌ বিত্তনাশং স্যাত্ত্রিচন্দ্রে লভতে সদা।
রজতং শুভ্রবস্ত্রঞ্চ ত্রিকুজে সংশয়প্রদঃ ॥ ৭

ত্রিবুধে রত্নলাভঃ স্যাত্ত্রিশনৌ বধবন্ধনং।
ত্রিগুরৌ চাতুলৈশ্বর্য্যং ত্রিরাহৌ শস্ত্রঘাতনং ॥ ৮

ত্রিশুক্রে সততং লাভস্ত্রিকেতৌ জ্বরপীড়নং।
ত্রিপাপবৎসরে কষ্টমিতি জ্যোতির্ব্বিদাম্মতং ॥ ৯

তিন শুক্রে সর্ব্বদা লাভ, তিন কেতুতে জ্বরাদিরোগ, তিন পাপগ্রহের বৎসরে জ্যোতির্ব্বিদ্ পণ্ডিতগণ বলিয়াছেন।

## ত্রিপাপ-চক্রম্।

| [illegible] | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ২৫ | ২৬ | ২৭ | ২৮ | ২৯ | ৩০ | ৩১ | ৩২ | ৩৩ | ৩৪ | ৩৫ | ৩৬ |
| | | ৬১ | ৬২ | ৬৩ | ৬৪ | ৬৫ | ৬৬ | ৬৭ | ৬৮ | ৬৯ | ৭০ | ৭১ | ৭২ |
| | | ৯৭ | ৯৮ | ৯৯ | ১০০ | ১০১ | ১০২ | ১০৩ | ১০৪ | ১০৫ | ১০৬ | ১০৭ | ১০৮ |
| ১ | কে, প | শ | বৃ | রা | কে | শু | র | চ | ম | বু | শ | বৃ | রা |
| | কে, কু | র | কে | বু | ম | কে | বৃ | চ | কে | শু | রা | কে | শ |
| | শু, কু | রা | র | ম | কে | চ | বু | বৃ | শু | শ | রা | র | ম |
| ২ | ঐ | বৃ | রা | কে | শু | র | চ | ম | বু | শ | বৃ | রা | কে |
| | | কে | বৃ | ম | কে | বৃ | চ | কে | শু | র | কে | শ | র |
| | | র | ম | কে | চ | বু | বৃ | শু | শ | রা | র | ম | কে |
| ৩ | ঐ | রা | কে | শু | র | চ | ম | বু | শ | বৃ | রা | কে | শু |
| | | বু | ম | কে | বৃ | চ | কে | শু | রা | কে | শ | র | কে |
| | | ম | কে | চ | বৃ | বৃ | শু | শ | রা | র | ম | কে | চ |
| ৪ | ঐ | কে | শু | র | চ | ম | বু | শ | বৃ | রা | কে | শু | র |
| | | বু | ম | কে | বৃ | চ | কে | শু | রা | কে | শ | রা | কে |
| | | কে | চ | বু | বৃ | শু | শ | রা | র | ম | কে | চ | বু |
| ৫ | ঐ | শু | র | চ | ম | বু | শ | বৃ | রা | কে | শু | র | চ |
| | | বৃ | ম | কে | বৃ | চ | কে | শু | রা | কে | শ | র | কে |
| | | চ | বু | বৃ | শু | শ | রা | র | ম | কে | চ | বু | বৃ |
| ৬ | ঐ | র | চ | ম | বু | শ | বৃ | রা | কে | শু | র | চ | ম |
| | | ম | কে | বৃ | চ | কে | শু | রা | কে | শ | র | কে | বু |
| | | বু | বৃ | শু | শ | রা | র | ম | কে | চ | বু | বৃ | শু |
| ৭ | ঐ | চ | ম | বু | শ | বৃ | রা | কে | শু | র | চ | ম | বু |
| | | ম | কে | বৃ | চ | কে | শু | রা | কে | শ | র | কে | বৃ |
| | | বৃ | শু | শ | রা | র | ম | কে | চ | বু | বৃ | শু | শ |
| ৮ | ঐ | ম | বৃ | শ | বৃ | রা | কে | শু | র | চ | ম | বু | শ |
| | | ম | কে | বৃ | চ | কে | শু | রা | কে | শ | র | কে | বৃ |
| | | শু | শ | রা | র | ম | কে | চ | বু | বৃ | শু | শ | রা |
| ৯ | ঐ | বৃ | শ | বৃ | রা | কে | শু | র | চ | ম | বু | শ | বৃ |
| | | কে | বৃ | চ | কে | শু | রা | কে | শ | র | কে | বু | ম |
| | | শ | রা | র | ম | কে | চ | বু | বৃ | শু | শ | রা | র |

## ত্রিপাপ-১ক্রম্।

| জন্ম নক্ষত্রাংশ | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ |
| | | ৪৯ | ৫০ | ৫১ | ৫২ | ৫৩ | ৫৪ | ৫৫ | ৫৬ | ৫৭ | ৫৮ | ৫৯ | ৬০ |
| | | ৮৫ | ৮৬ | ৮৭ | ৮৮ | ৮৯ | ৯০ | ৯১ | ৯২ | ৯৩ | ৯৪ | ৯৫ | ৯৬ |
| | কে, প | চ | ম | বু | শ | বৃ | রা | কে | শু | র | চ | ম | বু |
| ১৯ | কে, কু | শু | রা | কে | শ | র | কে | বু | ম | কে | বৃ | চ | কে |
| | শু, কু | বৃ | শু | শ | রা | র | ম | কে | চ | বু | বৃ | শু | শ |
| | | ম | বু | শ | বৃ | রা | কে | শু | র | চ | ম | বু | শ |
| ২০ | ঐ | রা | কে | শ | র | কে | বু | ম | কে | বৃ | চ | কে | শু |
| | | শু | শ | রা | র | ম | কে | চ | বু | বৃ | শু | শ | রা |
| | | বু | শ | বৃ | রা | কে | শু | র | চ | ম | বু | শ | বৃ |
| ২১ | ঐ | রা | কে | শ | র | কে | বু | ম | কে | বৃ | চ | কে | শু |
| | | শ | রা | র | ম | কে | চ | বু | বৃ | শু | শ | রা | র |
| | | শ | বৃ | রা | কে | শু | র | চ | ম | বু | শ | বৃ | রা |
| ২২ | ঐ | কে | শ | র | কে | বু | ম | কে | বৃ | চ | কে | শু | রা |
| | | রা | র | ম | কে | চ | বৃ | বৃ | শু | শ | রা | র | ম |
| | | বৃ | রা | কে | শু | র | চ | ম | বু | শ | বৃ | রা | কে |
| ২৩ | ঐ | শ | র | কে | বু | ম | কে | বৃ | চ | কে | শু | রা | কে |
| | | র | ম | কে | চ | বু | বৃ | শু | শ | রা | র | ম | কে |
| | | রা | কে | শু | র | চ | ম | বু | শ | বৃ | রা | কে | শু |
| ২৪ | ঐ | শ | র | কে | বু | ম | কে | বৃ | চ | কে | শু | র | কে |
| | | ম | কে | চ | বু | বৃ | শু | শ | রা | র | ম | কে | চ |
| | | কে | শু | র | চ | ম | বু | শ | বৃ | রা | কে | শু | র |
| ২৫ | ঐ | শ | র | কে | বু | ম | কে | বৃ | চ | কে | শু | র | কে |
| | | কে | চ | বু | বৃ | শু | শ | রা | র | ম | কে | চ | বু |
| | | শু | র | চ | ম | বু | শ | বৃ | রা | কে | শু | র | চ |
| ২৬ | ঐ | র | কে | বু | ম | কে | বৃ | চ | কে | শু | রা | কে | শ |
| | | চ | বু | বৃ | শু | শ | রা | র | ম | কে | চ | বু | বৃ |
| | | র | চ | ম | বু | শ | বৃ | রা | কে | শু | র | চ | ম |
| ২৭ | ঐ | র | কে | বু | ম | কে | বৃ | চ | কে | শু | রা | কে | শ |
| | | বু | বৃ | শু | শ | রা | র | ম | কে | চ | বু | বৃ | শু |

## ত্রিপাপ-চক্রম্।

| জন্ম নক্ষত্রাদি | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ২৫ | ২৬ | ২৭ | ২৮ | ২৯ | ৩০ | ৩১ | ৩২ | ৩৩ | ৩৪ | ৩৫ | ৩৬ |
| | | ৬১ | ৬২ | ৬৩ | ৬৪ | ৬৫ | ৬৬ | ৬৭ | ৬৮ | ৬৯ | ৭০ | ৭১ | ৭২ |
| | | ৯৭ | ৯৮ | ৯৯ | ১০০ | ১০১ | ১০২ | ১০৩ | ১০৪ | ১০৫ | ১০৬ | ১০৭ | ১০৮ |
| | কে, প | শ | বৃ | রা | কে | শু | র | চ | ম | বু | শ | বৃ | রা |
| ১৯ | কে, কু | শু | রা | কে | শ | র | কে | বু | ম | কে | বৃ | চ | কে |
| | শু, কু | রা | র | ম | কে | চ | বু | বৃ | শু | শ | রা | বৃ | ম |
| | | বৃ | রা | কে | শু | র | চ | ম | বু | শ | বৃ | রা | কে |
| ২০ | ঐ | রা | কে | শ | র | কে | বু | ম | কে | বৃ | চ | কে | শু |
| | | র | ম | কে | চ | বু | বৃ | শু | শ | রা | বৃ | ম | কে |
| | | রা | কে | শু | র | চ | ম | বু | শ | বৃ | রা | কে | শু |
| ২১ | ঐ | রা | কে | শ | র | কে | বু | ম | কে | বৃ | চ | কে | শু |
| | | ম | কে | চ | বু | বৃ | শু | শ | রা | বৃ | ম | কে | চ |
| | | কে | শু | র | চ | ম | বু | শ | বৃ | রা | কে | শু | র |
| ২২ | ঐ | কে | শ | র | কে | বু | ম | কে | বৃ | চ | কে | শু | রা |
| | | কে | চ | বু | বৃ | শু | শ | রা | র | ম | কে | চ | বু |
| | | শু | র | চ | ম | বু | শ | বৃ | রা | কে | শু | র | চ |
| ২৩ | ঐ | শ | র | কে | বু | ম | কে | বৃ | চ | কে | শু | রা | কে |
| | | চ | বু | বৃ | শু | শ | রা | র | ম | কে | চ | বু | বৃ |
| | | র | চ | ম | বু | শ | বৃ | রা | কে | শু | র | চ | ম |
| ২৪ | ঐ | শ | র | কে | বু | ম | কে | বৃ | চ | কে | শু | রা | কে |
| | | বু | বৃ | শু | শ | রা | র | ম | কে | চ | বু | বৃ | শু |
| | | চ | ম | বু | শ | বৃ | রা | কে | শু | র | চ | ম | বু |
| ২৫ | ঐ | শ | র | কে | বু | ম | কে | বৃ | চ | কে | শু | রা | কে |
| | | বৃ | শু | শ | রা | র | ম | কে | চ | বু | বৃ | শু | শ |
| | | ম | বু | শ | বৃ | রা | কে | শু | র | চ | ম | বু | শ |
| ২৬ | ঐ | র | কে | বু | ম | কে | বৃ | চ | কে | শু | রা | কে | শ |
| | | শু | শ | রা | র | ম | কে | চ | বু | বৃ | শু | শ | রা |
| | | বু | শ | বৃ | রা | কে | শু | র | চ | ম | বু | শ | বৃ |
| ২৭ | ঐ | র | কে | বু | ম | কে | র | চ | কে | শু | রা | কে | শ |
| | | শ | রা | র | ম | কে | চ | বু | বৃ | শু | শ | রা | বৃ |

## শুক্রতুঙ্গী-ফলম্।

মিষ্টান্নভোগী গুণসিদ্ধিযুক্তো নৃপস্য মন্ত্রী পরতশ্চিরায়ুঃ।
দানৈকবুদ্ধির্দ্বিজদেবভক্তঃ শুক্রে চ তুঙ্গে প্রভবেচ্চ ভোগী॥ ৬

মীনরাশিতে শুক্রের অবস্থানকালে কাহারও জন্ম হইলে, সেই ব্যক্তি মিষ্টান্নভোজী, গুণ ও সিদ্ধিযুক্ত, রাজমন্ত্রী, দীর্ঘজীবী, দানেচ্ছুক, দেবতা ও ব্রাহ্মণে ভক্তিসম্পন্ন হইয়া থাকে॥ ৬

## শনিতুঙ্গী-ফলম্।

কান্তাবিলাসী বরকীর্ত্তিপাত্রং
সম্পূর্ণলক্ষ্মীশ্চিরকালজীবী।
রাজ্যৈকদেশাধিপতির্ব্বিদগ্ধো
দাতা ভোক্তা রবিজে চ তুঙ্গে॥ ৭

তুলায় শনির অবস্থানকালে কাহারও জন্ম হইলে, সে ব্যক্তি কান্তাবিলাসী, পণ্ডিত, দাতা এবং ভোক্তা হয়॥ ৭

তুলায় শনির অবস্থানকালে কাহারও জন্ম হইলে, সে ব্যক্তি কান্তাবিলাসী, কীর্ত্তিমান্, পাত্রবিশেষ, লক্ষ্মাযুক্ত, দীর্ঘজীবী, কতকগুলি গ্রামের অধিপতি পণ্ডিত, দাতা এবং ভোক্তা হয়॥ ৭

মৃগপতিবৃষকন্যাকর্কটস্থে চ রাহৌ
ভবতি বিপুললক্ষ্মীরাজরাজাধিপো বা।
হয়-গজ-নর-নৌকা-মেদিনীমণ্ডলানাং।*
রিপুকুল-তৃণ-বহ্নিঃ-রাহুতুঙ্গীচিরায়ুঃ॥ ৮

জন্মকালে রাহু, সিংহ, বৃষ, কন্যা কিম্বা কর্কটরাশিতে অবস্থান করিলে জাতক অতিশয় ধনবান্, রাজাধিরাজ, অশ্ব, হস্তী, মনুষ্য, নৌকা এবং মেদিনী-মণ্ডলের অধীশ্বর হয়। তৃণ যেরূপ অগ্নির নিকটে, সে ব্যক্তির সমীপে শত্রুরা তদ্রূপ অনুমিত হয় অর্থাৎ অতি সহজে তাহার শত্রুকুলকে নষ্ট করে, এবং রাহু তুঙ্গী অর্থাৎ মিথুনস্থ হইলেও ঐরূপ ফল হয় এবং জাতককে দীর্ঘজীবী করিয়া থাকে।৮ ইতি কোষ্ঠীপ্রদীপে গ্রহণাং তুঙ্গফলং।

# সপ্তম অধ্যায়।

## ভাব-প্রকরণ।

## প্রথম পরিচ্ছেদ।

### তত্রাদৌ দ্বাদশভাব-সংজ্ঞা।

তনুর্ধনঞ্চ সহজঃ সুহৃৎ সুতো রিপুস্তথা।
জায়া নিধন-ধর্ম্মৌ চ কর্ম্মায় ব্যয়কং ক্রমাৎ।

অগ্নিপুরাণে।

অতঃপর লগ্নাদি দ্বাদশভাব-সংজ্ঞা কথিত হইতেছে যথা;—জাতকের জন্মলগ্ন হইতে বামাবর্ত্তে যথাক্রমে দ্বাদশ রাশিতে তনু, ধন, সহজ, সুহৃৎ, সুত, রিপু, জায়া, নিধন, ধর্ম্ম, কর্ম্ম, আয় এবং ব্যয়, এই দ্বাদশটী ভাবসংজ্ঞা কল্পিত হইয়া থাকে। মনে করুন,—কাহারও বৃষলগ্নে জন্ম হইয়াছে, বৃষরাশি তাহার তনুভাব, মিথুনরাশি ধনভাব, কর্কটরাশি সহজভাব, সিংহরাশি বন্ধুভাব ইত্যাদি প্রকারে দ্বাদশগৃহে দ্বাদশভাবের কল্পনা করিতে হইবে।

### তনুভাবে কিং চিন্তনীয়ম্।

শরীর-বর্ণাকৃতি-লক্ষণানি যশোগুণ স্থান-সুখাসুখানি।
প্রবাস-তেজোবল-দুর্ব্বলানি ফলানি লগ্নস্য বদন্তি সন্তঃ।
তনৌ রূপঞ্চ জ্ঞানঞ্চ বর্ণঞ্চৈব বলাবলম্।
শীলং বৈ প্রকৃতিঞ্চাথ তনু-স্থানান্নিরীক্ষয়েৎ॥ ১

বাহনস্যাথ বন্ধুনাং মাতৃ-সৌখ্যাদিকানপি।
নিধি-ক্ষেত্র-গৃহঞ্চাপি হর্ম্ম্যারাম্যাদিকানপি।
ধর্ম্মস্য বিমলস্থানং পাতালাচ্চ নিরীক্ষয়েৎ ॥

চতুর্থগৃহ বন্ধুভাবে ;—বিদ্যা, মাতা, সুখ, সুগন্ধদ্রব্য, গাভী, বন্ধুবর্গ, মনোবৃত্তি, গুণ, ভূম্যধিকার, যান, বাহন, ভূমি, ক্ষেত্র, গৃহ, মাতৃসৌখ্যাদি, এই সকল চিন্তা করিতে হয় ॥ ৫-৬ ॥

বন্ধুস্থানের ভিন্ন ভিন্ন আখ্যা, যথা—পাতাল, হিবুক, সুখস্থান ইত্যাদি।

## পুত্রভাবে কিং চিন্তনীয়ম্।

পুত্রাদ্দেবমহীপ-পুত্র পিতৃ-ধী-পুণ্যানি সঞ্চিন্তয়েৎ।
যাত্রামন্ত্র-সুত-স্ব-কর্ম্মভবনৈর্দুরাটনং রিপ্ফতঃ ॥৭
লগ্নাদ্বন্ধু-দিনেশতঃ পিতৃসুখং জীবাত্মজ-স্থানতঃ ॥
পুত্র-প্রাপ্তিরনঙ্গ-বিত্তপ-সিতৈঃ স্ত্রী সম্পদশ্চিন্তয়েৎ ॥৮
যন্ত্রমন্ত্রে তথা বিদ্যা বুদ্ধেশ্চৈব প্রবন্ধকাঃ।
পুত্র-রাজ্যোপভ্রংশাদি পশ্যেৎ পুত্রালয়াদ্বুধঃ ॥ ৯

পঞ্চমগৃহ পুত্রভাবে দেবভক্তি, পুত্র, কন্যা, পত্নীগর্ভ, পিতার শুভাশুভ, বুদ্ধি, পুণ্য, উদর, মন্ত্রাদিসিদ্ধি, প্রবন্ধরচনা, রাজ্যের শুভাশুভ, এই সকল বিষয় চিন্তা করিতে হয় ॥ ৭-৯ ॥

পারিজাত-গ্রন্থকার চতুর্থভাবে এবং সর্ব্বার্থচিন্তামণি-গ্রন্থকার দ্বিতীয়ভাবে বিদ্যা চিন্তা করিতে বলিয়াছেন। পঞ্চমস্থান নিয়ত বিদ্যা ও বুদ্ধির স্থান হইলেও দ্বিতীয় ও বিশেষতঃ চতুর্থস্থান হইতে এবং দ্বিতীয় ও চতুর্থাধিপ হইতে, বিদ্যাবিষয়ক শুভাশুভ বিচার করিতে হয়। উক্ত স্থানত্রয়ের ফলবিচারে যদি শুভসূচনা করে, তবেই জাতক বিদ্যার উৎকর্ষতা লাভে সমর্থ হয়। নচেৎ কেবল পঞ্চমপতির ও পঞ্চমস্থানের শুভফল হইতেই বিদ্যার উৎকর্ষ সাধিত হয় না। অনেক স্থলে দেখিতে পাওয়া যায়, পঞ্চমস্থানের ও পঞ্চমপতির শুভফল সত্ত্বেও, সেই জাতকের বিদ্যার ব্যাঘাত ঘটিয়াছে ; অবশ্যই সেই স্থলে তাহার দ্বিতীয় ও চতুর্থপতি অশুভফল-সূচক আছেন, ইহা দেখা গিয়াছে।

## রিপুভাবে কিং চিন্তনীয়ম্।

মাতুলাতঙ্ক শঙ্কানাং শত্রুংশ্চৈব ব্রণাদিকান্।
সপত্নী-মাতরশ্চাপি হরি-স্থানান্নিরীক্ষয়েৎ ॥ ১০

ষষ্ঠগৃহে শত্রুভাবে—মাতুল, ভয়, আশঙ্কা, শত্রু, ক্ষতব্রণ, বিমাতা এই সকল বিষয় চিন্তা করিতে হয় ॥ ১০

## জায়াভাবে কিং চিন্তনীয়ম্।

দ্যূনে কলত্র-বাণিজ্য-নষ্টবিস্মৃতিসংকথাঃ।
হৃত্যাধ্বকলিমার্গাদি চিন্ত্যং দ্যূনেগ্রহোঽশুভঃ ॥

গ্রন্থান্তরে—মদগৃহে কামং স্ত্রিয়ং বর্ত্ম চ।
অপরঞ্চ—বাণিজ্য-ব্যবহারঞ্চ বিবাহঞ্চ রতিক্রিয়াম্ ॥
গমাগম-কলত্রাণি প্রাজ্ঞঃ পশ্যেৎ কলত্রতঃ ॥ ১১

সপ্তমগৃহ জায়াভাবে—স্ত্রী, বাণিজ্য, নষ্টদ্রব্য বিস্মরণ, বিবাহ, কথোপকথন, হৃতদ্রব্য, কলহ, পক্ষবিচার, রতিক্রিয়া, প্রয়াণ; এই সকল বিষয় চিন্তা করিতে হয়।

সপ্তমগৃহের ভিন্ন ভিন্ন আখ্যা যথা—যামিত্র, দ্যূন, অস্ত ও কলত্র ইত্যাদি।

## নিধনভাবে কিং চিন্তনীয়ম্।

নিধনাজ্জীবন-মরণং গুহ্যস্থানঞ্চ মরণ-হেতুশ্চ।
অন্যসুখং মৃতিদেশং পরিভবমপি চিন্তয়েৎ ॥ ১২

অপরঞ্চ—

মৃত্যৌ চিরন্তনং দ্রব্যং মৃতবিত্তং রণোরিপুঃ।
দুর্গস্থানং মৃতির্নষ্টং পরীবাদো মনোব্যথা ॥ ১৩

অষ্টমগৃহে নিধনভাবে—আয়ুঃ, মরণের হেতু, গুহ্যস্থান, মৃত্যুস্থান, পুরাতন দ্রব্য, মৃতব্যক্তির ধন, যুদ্ধ, শত্রু, দুর্গস্থান, নষ্টবস্তু, অপবাদ, মনোব্যথা, এই, সমস্ত বিষয় চিন্তা করিতে হয় ॥ ১২-১৩ ॥

### ধর্ম্মভাবে কিং চিন্তনীয়ম্।

স্বাধ্যায়-দীক্ষা সুরগেহ-যাত্রা।
নৃপাভিষেকো গুরু-ধর্ম্মকৃত্যম্।
জলাশয়-শ্যালক-দেবরাদীন্
ভ্রাতুর্ভগিন্যো নবমস্য ভাবে॥ ১৪

অপরঞ্চ—হর্ম্ম্যং স্বান্তং শ্যালকশ্চ ভ্রাতৃপত্ন্যাদয়স্তথা।
পৌত্রাদয়স্তীর্থযাত্রা ভাগ্যস্থানান্নিরীক্ষয়েৎ॥ ১৫

নবমগৃহ ধর্ম্মভাবে;—বেদাধ্যয়ন, দীক্ষা, দেবগৃহ, তীর্থযাত্রা, গুরু, ধর্ম্ম-কর্ম্ম, নৃপাভিষেক, জলাশয়, শ্যালক, কনিষ্ঠভ্রাতার পত্নী, পৌত্রাদি, ভাগ্যোদয়, তপস্যা, এই সকল বিষয় চিন্তা করিতে হয়। ভাগ্যোদয়, গুরু, ধর্ম্ম ও তপস্যা এই কয়েকটী বিষয় ধর্ম্মভাব ও বৃহস্পতি হইতে চিন্তা করিতে হয়॥ ১৪-১৫॥

### কর্ম্মভাবে কিং চিন্তনীয়ম্।

রাজ্যঞ্চাকাশ-বৃত্তিঞ্চ মানঞ্চৈব পিতা তথা।
প্রবাসশ্চ যশশ্চাপি ব্যোমস্থানান্নিরীক্ষয়েৎ॥

গ্রন্থান্তরে—

প্রব্রজ্যাগম-কর্ম্মজীবন যশোবিজ্ঞানবিদ্যাঃ ক্রমাৎ॥১৬

দশম গৃহ কর্ম্মভাবে—রাজ্য, আকাশ, বৃত্তি, মান, যশঃ, পিতা, প্রবাস, প্রব্রজ্যা, আগম, জীবনোপায় (জীবিকা), যশঃ, বিজ্ঞান, বিদ্যা, এই সমস্ত বিষয় দশমস্থান হইতে চিন্তা করিবে॥ ১৬

### আয়ভাবে কিং চিন্তনীয়ম্।

আয়ে সর্ব্বার্থধান্যার্থ-কন্যা-মিত্র চতুষ্পদাঃ।
রাজ্ঞোবিত্তং পরীবারো লাভোপায়াংশ্চ ভূরিশঃ॥১৭

একাদশগৃহ আয়ভাবে—সকল প্রকার ধন, ধান্যের মূল্য, কন্যা, মিত্র, গজাশ্বাদি, চতুষ্পদজন্তু, রাজার ধন, পরিবার এবং ধনরত্নাদি লাভের উপায়, এই সকল বিষয় চিন্তা করিতে হয়॥ ১৭

## ব্যয়ভাবে কিং চিন্তনীয়ম্ ।

ব্যয়-ভবনাদ্ব্যয়মখিলং পতনং নরকে চ বৈকল্যম্ ।
বামাক্ষি-চরণ-যুগলং শয়নস্থানং বিনির্দিশেৎ প্রাজ্ঞঃ ॥১৮
লগ্নাদন্ত্য-তদীশ-ভানুতনয়ৈর্দূরাটনং দুর্গতিম্ ।
দাতৃত্ব শয়নাদি সৌখ্য-বিভবং বিত্তক্ষয়ং চিন্তয়েৎ ॥১৯

দ্বাদশ গৃহে ব্যয়ভাবে ;—ব্যয়, নরকে পতন, বিকৃতভাব, শয়নস্থান, দূরগমন, দুর্গতি, দাতৃত্ব, শয়নাদিসৌখ্য বিভব, অর্থাৎ শয়নসুখের ও শয্যাদির ভাল মন্দ, বিত্তক্ষয়, এই সমস্ত বিষয় ব্যয়ভাব ব্যয়াধিপতি ও শনি গ্রহ হইতে চিন্তা করিতে হয়॥ ১৮ ॥ ১৯

## ভাবফল-চিন্তা ।

ভাবফল বিচার করিতে হইলে অগ্রে তন্বাদি দ্বাদশ ভাবের স্ফুটরাশ্যাদি নির্ণয় করার প্রয়োজন। কারণ গ্রহস্ফুট ভাবস্ফুট এবং ভাবসন্ধি-স্ফুট না করিলে কোন্ গ্রহ কোন্ ভাবের ফলদাতা তাহা নির্ণয় করা যায় না। অতএব অগ্রে দ্বাদশ ভাবস্ফুট ও ভাবস্ফুটসন্ধি নির্ণয় করিয়া পরে ভাবফল চিন্তা করিবে।

যে ভাবে ভাবপতি বা শুভগ্রহ বুধ, বৃহস্পতি, শুক্র ও পূর্ণচন্দ্রের যোগ বা দৃষ্টি থাকে, সেই ভাবোত্থফলের শুভ এবং অশুভগ্রহের যোগ বা দৃষ্টি থাকিলে হানি কল্পনা করিবে। ভাবপতি অশুভগ্রহ হইলেও তদ্দৃষ্টি ও স্থিতিজন্য ভাবফলের অশুভ না হইয়া শুভই হইয়া থাকে, যেহেতু আপনি ক্ষেত্রের কেহ হানি করেন না। সর্ব্বত্রই গ্রহের পূর্ণ, ত্রিপাদ, অর্দ্ধ ও পাদদৃষ্টি জন্য ক্রমশঃ ফলের অল্পতা বিচার করিতে হইবে।

নাশস্থান-গতো দিবাকরকরৈর্লুপ্তস্তু যদ্রাশিপঃ ।
তদ্ভাবস্য বিনাশনং যদি ভবেৎ সৌম্যৈরযুক্তেক্ষিতঃ ॥ ২০

যে ভাবপতি শুভযুক্ত বা শুভদৃষ্ট না হইয়া লগ্ন হইতে অষ্টম বা সূর্য্য-সান্নিধ্যবশাৎ অস্তগত হয়েন, তদ্ভাবোত্থফলের হানি হইয়া থাকে; আর যদ্যপি শুভযুক্ত বা শুভদৃষ্ট হয়েন, তবে বিশেষ হানি হয় না॥ ২০

## অরাত্যাদি-ভাব-বিবেকঃ।

অরাতি ব্রণয়োঃ ষষ্ঠে চাষ্টমে মৃত্যুরন্ধ্রয়োঃ।
ব্যয়স্থ দ্বাদশস্থানে বৈপরীত্যেন চিন্তনম্ ॥ ২১

ইতি দীপিকায়াম্।

সৌম্যাঃ পুষ্টিং পাপস্তদ্ধানিং সংশ্রিতাঃ গ্রহাঃ কুর্য্যুঃ।
মূর্ত্ত্যাদিষু নিধনেঽন্ত্যে ষষ্ঠে চ বিপর্য্যয়াৎ ফলদাঃ ॥২২

পূর্ব্বে কথিত হইয়াছে যে, শুভ ও স্বামীগ্রহের যোগে ভাবফলের বৃদ্ধি হয়। কিন্তু ষষ্ঠ, অষ্টম ও দ্বাদশস্থান সম্বন্ধে বিশেষ বিধি এই, উহা বিপরীত ক্রমে বিচার করিতে হইবে, অর্থাৎ লগ্ন হইতে দ্বাদশস্থানে শুভ বা স্বামী গ্রহের যোগ বা দৃষ্টিতে ব্যয়ভাবের বৃদ্ধি না হইয়া ব্যয় হানি এবং অশুভগ্রহের যোগ বা দৃষ্টিতে ব্যয় বৃদ্ধি হইবে। তদ্রূপ ষষ্ঠ স্থানে শুভ বা স্বামী যোগে শত্রুহানি ও রোগহানি, আর অশুভের যোগ বা দৃষ্টিতে শত্রু বৃদ্ধি ও রোগ বৃদ্ধি এবং অষ্টম স্থানে শুভ বা স্বামী যোগে মৃত্যুর হানি অর্থাৎ দীর্ঘায়ুঃ, আর অশুভযোগে মৃত্যুর বৃদ্ধি অর্থাৎ অল্পায়ুঃ কল্পনা করিতে হইবে॥ ২১।২২

যদ্যদ্ভাব পতির্বিলগ্ন-ভবনাৎ ষষ্ঠাষ্ট-রিপ্‌ফোপগঃ।
ভাবাদ্ ভাবপতির্ব্যয়াষ্ট-রিপুগস্তদ্ভাব-নাশং বদেৎ ॥ ২৩

যে যে ভাবপতি, লগ্ন হইতে অথবা ভাবস্থান হইতে ষষ্ঠ, অষ্টম বা দ্বাদশে থাকিবেন, সেই সেই ভাবোত্থফলের হানি কল্পনা করিতে হইবে। বৃহজ্জাতকের টীকাকার ভট্টোৎপল বলেন, কেবল ষষ্ঠস্থান ভিন্ন অন্যস্থানস্থ শুভগ্রহ ভাব বৃদ্ধিকর হয়েন ; আর ষষ্ঠস্থ অশুভগ্রহ ক্ষতাদি রোগপ্রদ হইলেও শত্রুনাশক হইয়া থাকেন॥ ২৩

সর্ব্বার্থ-চিন্তামণি গ্রন্থে উক্ত হইয়াছে যে, ভাবপতি ভাবস্থান হইতে ত্রিকোণে (৯।৫ মে) অথবা কেন্দ্রে (১।৪।৭।১০ মে) শুভযুক্ত অথবা অশুভ-গ্রহের যোগদৃষ্টি বর্জ্জিত হইয়া অবস্থিতি করিলে, সেই ভাবের পূর্ণ শুভফল প্রদান করিয়া থাকেন।

কুলে নৃপালো বিপুলায়ুরেব
ভাগ্যেন যুক্তোঽরিকুলস্য হন্তা॥ ১

লগ্নে সমস্ত গ্রহের দৃষ্টি থাকা অতীব শুভ; যদি সমস্ত গ্রহ কোন জাতকের লগ্নকে অবলোকন করে, তবে সে ব্যক্তি আমোদ প্রমোদে কাল অতিবাহিত করে এবং বলবান্, কুলদীপক, ভাগ্যবান্ দীর্ঘায়ুঃ ও শত্রুবর্গের ধ্বংসকারী হয়॥ ১

সৌম্যা স্ত্রয়োলগ্নগতা যদি স্যুঃ
কুর্ব্বন্তি জাতং নৃপতিং বিনীতম্।
পাপাস্ত্রয়ো দুঃখদারিদ্রশোকৈ-
র্যুতং নিতান্তং বহুভক্ষকঞ্চ॥ ২

যদি লগ্নে তিনটী শুভগ্রহ থাকেন, তবে জাতক রাজা বা রাজতুল্য ঐশ্বর্য্যশালী ও বিনীত হয়। আর তিনটী পাপগ্রহ লগ্নে থাকিলে জাতক দুঃখ-দারিদ্র্যযুক্ত, শোকসন্তপ্ত ও বহুভোজী হইয়া থাকে॥ ২

লগ্নেশে বলসংযুক্তে কেন্দ্রকোণগতে শুভে।
পাপগ্রহৈরসংদৃষ্টে দেহসৌখ্যং বদেদ্বুধঃ॥ ৩

যদি লগ্নাধিপতি বলবান্ হয়েন এবং কেন্দ্র ও ত্রিকোণে শুভগ্রহ সকল অবস্থান করেন এবং তাহাদের প্রতি পাপগ্রহের দৃষ্টি না থাকে তাহা হইলে শারীরিক সুখ হইয়া থাকে॥ ৩

লগ্নাধিপোঽতি বলবান্ শুভবর্গযুক্তঃ
স্বোচ্চে সুহৃদ্গৃহযুতঃ স্বনবাংশকে বা।
লগ্নাধিনাথসহিতে যদি কেন্দ্রনাথে
সদ্ভাগ্যকীর্ত্তি-ধনধান্য-চিরায়ুরেতি॥ ৪

লগ্নাধিপতি বলবান্ হইয়া শুভবর্গযুক্ত, উচ্চ অথবা মিত্রগৃহে অথবা স্বনবাংশে অবস্থিত হইলে কিম্বা অপর কোন কেন্দ্রপতির সহযুক্ত হইলে জাতক অতিশয় ভাগ্যশালী, কীর্ত্তিমান্, ধনধান্যযুক্ত এবং দীর্ঘায়ুঃ হইয়া থাকে॥ ৪

## দেহসৌখ্য-যোগঃ।

সর্ব্বার্থ-চিঃ।

লগ্নেশে স্বোচ্চ-মিত্রাংশে স্বনবাংশগতেঽথবা
শুভগ্রহযুতে দৃষ্টে দেহসৌখ্যং বিনির্দ্দিশেৎ ॥ ৫

অন্যচ্চ।

লগ্নেশে বলসংযুক্তে কেন্দ্রকোণগতে শুভে।
পাপগ্রহৈরসংদৃষ্টে দেহসৌখ্যং বদেদ্‌বুধঃ ॥ ৬

দেহসৌখ্য-যোগ ;—যদি লগ্নপতি উচ্চে, মিত্রনবাংশে বা স্বনবাংশে স্থিত হইয়া শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট ও যুক্ত হয়েন, তবে জাতকের শারীরিক সৌখ্য নির্দ্দেশ করিবে ॥ ৫ ॥ যদি বলবান্ শুভগ্রহ লগ্নপতি হইয়া কেন্দ্র বা ত্রিকোণে থাকেন এবং পাপগ্রহ কর্ত্তৃক দৃষ্ট বা যুক্ত না হয়েন, তবে জাতকের শারীরিক সুখ হয় ॥ ৬

## দেহসৌখ্যনাশ-যোগঃ।

লগ্নেশ্বরঃ ক্রূর-সমন্বিতশ্চে-
দ্দেহস্য সৌখ্যাদি বিনাশমাহুঃ।
তাদৃক্‌ফলং নাশগতোঽপি তস্য
শুভেক্ষিতশ্চেৎ ফলমন্যথা স্যাৎ ॥ ৭
দুস্থানপেনাপি যুতে বিলগ্ননাথে
বিলগ্নে সতি রোগভাক্ স্যাৎ।
লগ্নেশ্বরাধিষ্ঠিত-রাশিনাথো
দুঃস্থানগো দুর্ব্বল-দেহভাক্ স্যাৎ ॥ ৮

দেহসৌখ্যনাশ-যোগ ;—যদি লগ্নপতি পাপগ্রহযুক্ত অথবা অষ্টমস্থ হয়েন তবে শরীর-সৌখ্য নষ্ট হয় ; কিন্তু শুভদৃষ্ট হইলে উক্ত ফল হইবে না ॥ ৭

আর যদি ষষ্ঠ, অষ্টম বা দ্বাদশভাবপতি লগ্ননাথের সহিত যুক্ত হয়েন অথবা লগ্নে থাকেন, তবে জাতক রোগাক্রান্ত হয়। আর লগ্নাধিপতি যে

রাশিতে থাকেন, সেই রাশির অধিপতি যদি ষষ্ঠ, অষ্টম ও দ্বাদশ স্থানস্থ হয়েন, তবে জাতকের শরীর দুর্ব্বল হয়॥ ৮

## স্থূলাস্থূলযোগঃ।

লগ্নে জলর্ক্ষে শুভ খেচরেন্দ্রৈ-
র্যুক্তে তনোঃ স্থূলমুদাহরন্তি।
লগ্নাধিপে তোয়খগে বলাঢ্যে
সৌম্যান্বিতে চেত্তনু পুষ্টিমাহুঃ॥ ৯
লগ্নাধিপশ্চেজ্জলরাশিসংস্থঃ
শুভান্বিতেস্তোয়-খগেন দৃষ্টঃ।
লগ্নে শুভ ক্ষেত্রগতেঽপি চৈবং
লগ্নেশ্বর-স্বাংশপতৌ জলর্ক্ষে॥ ১০
লগ্নাধিপস্থাংশ-রাশিনাথঃ
স্থূলগ্রহঃ স্যাত্তনু-পুষ্টিমাহুঃ।
লগ্নে শুভর্ক্ষে শুভখেচরেন্দ্রৈ
যুক্তে ভবেৎ স্থূলমুদাহরন্তি॥ ১১

স্থূলাস্থূলযোগ;—যদি জলরাশি-লগ্নে জন্ম হয় এবং তাহাতে শুভ-গ্রহের যোগ থাকে, অথবা জলসংজ্ঞক গ্রহ লগ্নাধিপতি হইয়া বলবান্ হয়েন এবং শুভগ্রহযুক্ত হয়েন, তবে জাতকের শরীর স্থূল হয়॥ ৯॥ যদি লগ্নপতি শুভযুক্ত হইয়া জলরাশিতে থাকেন এবং জলসংজ্ঞক গ্রহ কর্ত্তৃক দৃষ্ট হয়েন, অথবা যদি শুভগ্রহের ক্ষেত্রে লগ্ন হয় এবং লগ্নাধিপতি যে নবাংশে থাকেন, সেই নবাংশাধিপতিগ্রহ যদি জলরাশিতে থাকেন, তবে জাতকের শরীর স্থূল হয়॥ ১০॥ লগ্নপতি যে নবাংশে থাকেন, সেই নবাংশের অধিপতি গ্রহ যদি স্থূলসংজ্ঞক হয়েন, অথবা যদি শুভগ্রহের ক্ষেত্রে লগ্ন হয় ও তাহাতে শুভগ্রহ থাকেন, তবে জাতকের শরীর স্থূল হয়॥ ১১

লগ্নে-গুরৌ তেন নিরীক্ষিতে বা
জলর্ক্ষগেনাপি জলেবিলগ্নে।
সৌম্যান্বিতে শোভনখেচরৈন্দ্রৈ-
র্দৃষ্টেঽতি স্থূলমুদাহরন্তি ॥ ১২

যদি জলরাশি লগ্নে জন্ম হয় ও তাহাতে বৃহস্পতি থাকেন, অথবা তাহাতে যদি বৃহস্পতির কিম্বা জলরাশিস্থ গ্রহের দৃষ্টি থাকে, তবে জাতকের শরীর স্থূল হয়। উক্তযোগে যদি লগ্নে শুভগ্রহের যোগ ও দৃষ্টি থাকে, তবে জাতক অতি স্থূল হয় ॥ ১২ ॥

## অগ্নিদগ্ধ-যোগঃ।

রবিভৌমৌ বিলগ্নেশৌ সবলৌ বা বিলগ্নগৌ।
বহ্নিনা স বিদগ্ধঃ স্যাত্তদা পিত্তেন বাধ্যতে ॥ ১৩

অগ্নিদগ্ধযোগ ;—রবিযুক্ত বলবান্ মঙ্গল, অথবা মঙ্গলযুক্ত বলবান্ রবি, লগ্নপতি হইয়া যদি লগ্নে থাকেন, তবে জাতক অগ্নিদ্বারা দগ্ধ ও পিত্ত প্রকোপজ রোগাক্রান্ত হয় ॥ ১৩

## চৌরভীতি-যোগঃ।

পাপৈর্বিলগ্নে গুলিকে ত্রিকোণে
লগ্নেঽহিনাথে গুলিকেন যুক্তে।
লগ্নেশ্বরে পাপযুতেঽথ লগ্নে
রাহৌ যদা বঞ্চন-চোরভীতিঃ ॥
শনেস্তু যোগাৎ প্রবিলোকনাদ্বা
ভীতিধ্রুবং বঞ্চন-চোরভূপৈঃ ॥১৪

চৌরভীতিযোগ ;—যদি লগ্নে পাপগ্রহ থাকেন ও ত্রিকোণ স্থানে গুলিকস্থিত হয়, অথবা গুলিকযুক্ত রাহু লগ্নে থাকেন, কিম্বা লগ্নপতি পাপযুক্ত হয়েন ও লগ্নে রাহু থাকেন, তবে চৌরভয় হয়। যদি লগ্নে শনির যোগ বা দৃষ্টি থাকে তাঁহাতেও চৌরভয় বা রাজভয় হয় ॥ ১৪

## বিদ্রধিপীড়া-যোগঃ।

লগ্নে রবির্ভূমিসুতেন দৃষ্টঃ
শ্বাসং ক্ষয়ং বিদ্রধি-গুল্মভাজম্।
ভৌমে বিলগ্নে শনিসূর্য্য-দৃষ্টে
খড়্গাদিভিঃ পীড়িত-দেহভাক্ স্যাৎ॥ ১৫
অন্তঃ শশিন্যশুভয়োর্মৃগগে পতঙ্গে
শ্বাস ক্ষয়-প্লীহক-বিদ্রধি-গুল্মভাজঃ॥ ১৬

শ্বাসক্ষয়াদি পীড়াযোগ;—যদি মঙ্গলদৃষ্ট রবি লগ্নে থাকেন, তবে শ্বাস ক্ষয়, বিদ্রধি ও গুল্ম, ইহার অন্যতম রোগ হয়। যদি শনি ও রবিদৃষ্ট মঙ্গল লগ্নে থাকেন, তবে জাতক খড়্গাদির আঘাতে পীড়িত হয়॥ ১৫॥ বৃহজ্জাতকে উক্ত হইয়াছে যে, যদি চন্দ্র, শনি ও মঙ্গলের মধ্যবর্ত্তী হয়েন এবং রবি মকরে থাকেন, তবে জাতক শ্বাস, ক্ষয়, প্লীহা, বিদ্রধি ও গুল্ম ইহার অন্যতম রোগাক্রান্ত হয়॥ ১৬॥

## মস্তক পীড়াযোগঃ।

লগ্নে চ হোরা দ্বিতীয়ে চ যস্মিন্নর্দ্ধে স্থিতঃ ক্রূরখগস্তু তত্র।
শীর্ষস্য বামেঽপ্যথ দক্ষিণে চ পীড়া প্রবাচ্যা মনুজস্য নূনম্॥ ১৭

অন্যচ্চ

লগ্নাস্থানক্ষেত্রসৎ-খেচরাণাং জীবেন্দুভ্যাং সংযুতং শীর্ষরোগঃ॥ ১৮

মস্তক-পীড়াযোগ;—যদি লগ্নে পাপগ্রহ থাকে, তবে জাতকের শিরোরোগ হয়। সেই লগ্নস্থ গ্রহ যদি প্রথম হোরায় থাকেন, তবে মস্তকের দক্ষিণভাগে এবং দ্বিতীয় হোরায় থাকিলে বামভাগে শিরোরোগ হয়॥ ১৭॥ যদি পাপ-গ্রহের ক্ষেত্রে লগ্ন হয় এবং তাহাতে বৃহস্পতি ও চন্দ্র থাকেন, তবে তাহাতেও শিরোরোগ হয়॥ ১৮॥

## মস্তক-ঘাতযোগঃ।

শীর্ষস্থানে রাহু-ভৌমার্ক-মন্দাঃ
শীর্ষে ঘাতো বহ্নি-শস্ত্রাস্তু কাষ্ঠাৎ।

**মূর্ত্তৌ ক্রূরঃ ক্রূর-লগ্নঞ্চ দৃষ্টং**
**দাহো বহ্নেশ্চেদ্বিধৌ নীর-ভীতিঃ ॥ ১৯**
**লগ্নেশ্বরে ভূমিসুতে তনুস্থে পাপান্বিতে পাপবিলোকিতে বা।**
**শিলা-প্রহারৈর্ব্রণমুত্তমাঙ্গে খড়গাদিভির্বা কথয়ন্তি তজ্জ্ঞাঃ।**
**শনিস্তস্থাচেদ্ব্রণমুত্তমাঙ্গে বাতাগ্নি-শস্ত্রৈঃ পতনেন বাপি ॥ ২০**

মস্তকে আঘাতযোগ ;—যদি লগ্নে রাহু, মঙ্গল, রবি ও শনি ইহার অন্যতম গ্রহ থাকেন, তবে অগ্নি, শস্ত্র বা কাষ্ঠহেতুক মস্তকে আঘাত হয়। যদি পাপ-গ্রহযুক্ত লগ্নে পাপগ্রহের দৃষ্টি থাকে, তবে অগ্নিভয় হয়। আর পাপগ্রহযুক্ত ও পাপদৃষ্ট লগ্নে যদি চন্দ্র থাকেন, তবে জলে ভয় হয়। যদি মঙ্গল লগ্নপতি হইয়া লগ্নে থাকেন এবং পাপযুক্ত বা পাপদৃষ্ট হয়েন, তবে প্রস্তর বা খড়গাদির আঘাতে মস্তকে ব্রণাদি হয়। তদ্রূপ পাপযুক্ত বা পাপদৃষ্ট শনি, লগ্নপতি হইয়া যদি লগ্নে থাকেন, তবে বায়ু, অগ্নি, শস্ত্র বা পতন জন্য আঘাতে, মস্তকে ব্রণাদি হয় ॥ ১৯-২০ ॥

## শত্রুভীতি-ব্রণাদিযোগঃ।

**মধ্যস্থে রিপুখেটয়োস্তনুপতৌ জাতোঽরিভীতো ভবেৎ।**
**লগ্নে শত্রুপতৌ ফণিধ্বজযুতে দেহব্রণং দেহিনাম্ ॥ ২১**

শত্রুভীতি ও ব্রণযোগ ;—যদি লগ্নপতি, শত্রুগ্রহের মধ্যবর্ত্তী হয়েন, তবে জাতক শত্রুভয় প্রাপ্ত হয়। ষষ্ঠপতি রাহু বা কেতুযুক্ত হইয়া লগ্নে থাকিলে, জাতক ব্রণরোগাক্রান্ত হয় ॥ ২১

## বিদ্যা-যশোযোগঃ।

**বিদ্যাধিপে বা যদি চন্দ্রসূনৌ লগ্নে সুখে লগ্নপ-সংযুতে বা।**
**বলান্বিতে পাপদৃশা বিহীনে বিদ্যাযশস্বী ভবতি প্রজাতঃ ॥ ২২**

বিদ্যা-যশোযোগ ;—যদি পঞ্চমপতি অথবা বুধ, পূর্ণবলশালী হইয়া লগ্ন-পতির সহিত লগ্নে বা চতুর্থস্থানে থাকেন এবং পাপগ্রহদৃষ্ট না হয়েন, তবে জাতক বিদ্যাবান্ ও যশস্বী হয় ॥ ২২

## যশস্বি-পিতৃযোগঃ।

**হোরা স্বামিনি পঞ্চমে যদি সুতস্থানেশ-যুক্তেঽথবা।**
**ভাগ্যে বা যদি ভাগ্যপেন সহিতে লগ্নে যশস্বী পিতা ॥২৩**

যশস্বীপিতৃযোগ ;—যদি লগ্নপতি পঞ্চমে থাকেন, অথবা পঞ্চমপতির সহিত যুক্ত হয়েন, কিম্বা নবমে বা নবমপতির সহিত যুক্ত হয়েন, অথবা লগ্নপতি যদি লগ্নে থাকেন, তবে জাতকের পিতা যশস্বী হয়েন ॥ ২৩

## স্বদেশভাগ্য-যোগঃ।

**স্থিরে স্বদেশে বহুভাগ্যযুক্তঃ**
**স্থির-গ্রহৈর্ভূরিধনান্বিতঃ স্যাৎ ॥ ২৪**

স্বদেশভাগ্যযোগ ;—যদি জন্মলগ্ন বা ভাগ্যস্থান স্থিররাশি হয় এবং তাহাতে স্থিরগ্রহের যোগ বা দৃষ্টি থাকে, তবে জাতক স্বদেশে ভাগ্যশালী হয়। আর যদি ভাগ্য বা লগ্নস্থান চররাশি হয় এবং তাহাতে চরগ্রহের যোগ বা দৃষ্টি থাকে, তবে জাতক বিদেশে পর্য্যটন করিয়া সুখসৌভাগ্য লাভ করে ও কদাচ কুপথগামী হয়। শুক্র, চন্দ্র ও বুধ শীঘ্র গমন করে বলিয়া উহারা চরগ্রহ, অন্যান্য গ্রহ স্থির গ্রহ নামে অভিহিত হয় ॥ ২৪

## বিদেশভাগ্য-যোগঃ।

**লগ্নে চরে তদ্ভবনেশ্বরে বা চরে স্থিতে সঞ্চরতি প্রজাতঃ।**
**সঞ্চারশীলশ্চরভে বিলগ্নে লগ্নাংশকে চৈবমুদাহরন্তি ॥ ২৫**
**বিদেশ ভাগ্যঞ্চরভে বিলগ্নে চরে তদীশে চরখেট-দৃষ্টে ॥ ২৬**

বিদেশভাগ্য-যোগ ;—যদি জন্মলগ্ন চররাশি হয় এবং লগ্নপতি চররাশিতে থাকেন, তবে জাতক বিদেশে পর্য্যটন দ্বারা ভাগ্যশালী হয়। আর যদি চরলগ্নে ও চরনবাংশে জন্ম হয়, অথবা লগ্নপতি চররাশিস্থ হইয়া চরগ্রহ কর্তৃক দৃষ্ট হয়েন, তাহাতেও জাতক বিদেশে ভাগ্যলাভ করে ॥ ২৫—২৬

# অথ শরীর-চিহ্ন-যোগাঃ।

## তত্রাদৌমস্তক-চিহ্নম্ ।

হোরা-প্রঃ। লগ্নাৎ সপ্তমগো ভৌম-শুক্রো বাপি বৃহস্পতিঃ।
চিহ্নং মূর্দ্ধি স্থিতং জ্ঞেয়ং জাতকস্য ন সংশয়ঃ ॥ ২৭
জনুষি লগ্নগতো বসুধাসুতো মদনগোঽপি গুরুঃ কবিরেব বা।
ভবতি তস্য শিরোব্রণ-লাঞ্ছিতং নিগদিতং যবনেন মহাত্মনা ॥ ২৮
যদা শুক্রোঽথবা ভৌমো লগ্নস্থোঽপি নিশাকরঃ।
দ্বাদশেঽব্দে ভবেত্তস্য মস্তকে চিহ্ন-দর্শনম্ ॥ ২৯
অষ্টমে চ যদা রাহৌ শুক্রে বাপি তনুস্থিতে।
মস্তকে বামকর্ণে বা তস্য চিহ্নং সমাদিশেৎ ॥ ৩০

শরীরচিহ্ন-যোগ ;—যদি লগ্নের সপ্তমস্থানে মঙ্গল, শুক্র বা বৃহস্পতি থাকেন, তবে জাতকের মস্তকে কোনরূপ চিহ্নযুক্ত হয় ॥ ২৭ ॥ যবনাচার্য্য বলেন, যদি লগ্নে মঙ্গল এবং সপ্তমস্থানে বৃহস্পতি বা শুক্র থাকেন, তবে জাতকের মস্তক ব্রণচিহ্নে চিহ্নিত হয় ॥ ২৮ ॥ যদি চন্দ্রযুক্ত শুক্র অথবা মঙ্গল লগ্নে থাকেন, তবে দ্বাদশবর্ষে জাতকের মস্তকে চিহ্ন হয় ॥ ২৯ ॥ যদি অষ্টমে রাহু ও লগ্নে শুক্র থাকেন, তবে জাতকের মস্তকে বা বামকর্ণে চিহ্নযুক্ত হয় ॥ ৩০ ॥

## বামবাহু-চিহ্নম্ ।

জায়া স্থানে যদা রাহুর্মন্ত্রী বাপি তনুস্থিতঃ।
বামে ভুজে ভবেচ্চিহ্নং রাহুগুর্ব্বোস্তথোদয়ে ॥ ৩১

বামবাহু-চিহ্ন ;—যদি সপ্তমস্থানে রাহু ও লগ্নে বৃহস্পতি থাকেন, অথবা রাহু ও বৃহস্পতি উভয়ে যদি লগ্নে থাকেন, তবে জাতকের বাম বাহুতে চিহ্ন হয় ॥ ৩১ ॥

## গুদ-চিহ্নম্ ।

কুজে সৌম্যেঽথবা লগ্নে রাহুঃ ষষ্ঠ-ত্রিকোণগঃ।
লিঙ্গে গুদে ভবেচ্চিহ্নং তিলমাষাদিকং স্ফুটম্ ॥ ৩২

**লগ্নে ক্ষিতিসুতে মন্দে শুক্রদৃষ্টে ত্রিকোণগে।**
**লিঙ্গে গুদ-সমীপে বা তিলকং সন্দিশেদ্বুধঃ ॥ ৩৩**

গুহ্যদেশে চিহ্ন ;—যদি মঙ্গল বা বুধ লগ্নে থাকেন এবং ষষ্ঠ, নবম বা পঞ্চম-স্থানে রাহু থাকেন, তবে লিঙ্গে ও গুহ্যে তিল-মাষাদি চিহ্ন হয় ॥ ৩২ ॥ যদি মঙ্গল লগ্নে এবং শুক্রদৃষ্ট শনি ত্রিকোণে থাকেন, তবে লিঙ্গে অথবা গুহ্যসমীপে তিলচিহ্ন হয় ॥ ৩৩

## ব্রণচিহ্নাদি-জ্ঞানার্থং দ্রেক্কাণাঙ্গ-বিভাগঃ।

**শিরোঽক্ষিণী কর্ণ-নসা কপোলৌ হনূ মুখঞ্চ প্রথমে দৃকাণে।**
**কণ্ঠাংস-দোর্দ্দণ্ডক-কুক্ষি-বক্ষঃ ক্রোড়ঞ্চ নাভিস্ত্রিলবে দ্বিতীয়ে ॥**
**বস্তিস্ততো লিঙ্গগুদে তথা গুবূরূ জানুদ্বয়ং বৈ চরণৌ তৃতীয়ে।**
**ক্রমেণ লগ্নাৎ পরপূর্ব্বষট্কে বামং তথা দক্ষিণমঙ্গমত্র ॥ ৩৪**

অতঃপর ব্রণচিহ্ন জ্ঞানার্থ দ্রেক্কাণাঙ্গবিভাগ কথিত হইতেছে।

লগ্নের প্রথম দ্রেক্কাণে—মস্তক, চক্ষু, কর্ণ, নাসা, কপোল, হনু ও মুখ। দ্বিতীয় দ্রেক্কাণে – কণ্ঠ, স্কন্ধ, হস্ত, উদর, বক্ষঃ, পার্শ্ব ও নাভি। তৃতীয় দ্রেক্কাণে—বস্তি, লিঙ্গ, গুহ্য, উরু, জানু ও চরণদ্বয়, এই সমস্তের যথাক্রমে বিচার হয়। লগ্নের বামভাগস্থ ছয় রাশিতে বামাঙ্গ এবং দক্ষিণভাগস্থ ছয়-রাশিতে দক্ষিণাঙ্গ কল্পিত হয়। অর্থাৎ লগ্নের উদিতভাগ এবং লগ্ন হইতে দ্বাদশ, একাদশ, দশম, নবম, অষ্টম এবং সপ্তমরাশির লগ্নোদিত তুল্যভাগ, এই ছয় রাশিতে বামাঙ্গ এবং অপর ছয় রাশিতে দক্ষিণাঙ্গ কল্পিত হইয়া থাকে ॥ ৩৪ ॥

উদাহরণ যথা ;—প্রথম দ্রেক্কাণে জন্ম হইলে লগ্নে মস্তক, লগ্ন হইতে দ্বিতীয়ে দক্ষিণ চক্ষু ও দ্বাদশে বাম চক্ষু ; তৃতীয়ে দক্ষিণ কর্ণ, একাদশে বাম কর্ণ ; চতুর্থে দক্ষিণ নাসা, দশমে বাম নাসা, পঞ্চমে দক্ষিণ কপোল ও নবমে বাম কপোল, ষষ্ঠে দক্ষিণ হনু, অষ্টমে বাম হনু এবং সপ্তম রাশিতে মুখ। সুধীগণ এইরূপ নিয়মে দ্বিতীয় ও তৃতীয় দ্রেক্কাণের অঙ্গ বিভাগ নিরূপণ করিবেন। তত্রাচ পাঠকবর্গের সুবিধার জন্য পর পৃষ্ঠায় অঙ্গবিভাগ চক্র বিন্যাস করা গেল।

## অঙ্গবিভাগ-চক্রঃ।

| দক্ষিণ | ১ম, দ্রেঃ লগ্নে মস্তক | বাম | দক্ষিণ | ২য় দ্রেঃ লগ্নে কণ্ঠ | বাম | দক্ষিণ | ৩য় দ্রেঃ লগ্নে বস্তি | বাম |
|---|---|---|---|---|---|---|---|---|
| ২য় | চক্ষুঃ | ১২শ | ২য় | স্কন্ধ | ১২শ | ২য় | শিশ্ন গুহ্য | ১২শ |
| ৩য় | কর্ণ | ১১শ | ৩য় | ভুজ | ১১শ | ৩য় | বৃষণ | ১১শ |
| ৪র্থ | নাসিকা | ১০ম | ৪র্থ | পার্শ্ব | ১০ম | ৪র্থ | উরু | ১০ম |
| ৫ম | কপোল | ৯ম | ৫ম | বক্ষঃ | ৯ম | ৫ম | জানু | ৯ম |
| ৬ষ্ঠ | হনু | ৮ম | ৬ষ্ঠ | ক্রোড় | ৮ম | ৬ষ্ঠ | জঙ্ঘা | ৮ম |
| | সপ্তমে মুখ | | | সপ্তমে নাভি | | | সপ্তমে পাদদ্বয় | |

ব্রণাবস্থা নিরূপণ যথা ;—কথিত নিয়মে জাতকের লগ্নাদি দ্বাদশরাশিতে দক্ষিণ ও বামাঙ্গ বিভাগ কল্পনা করিয়া, কোন্ গ্রহ কোন্ অঙ্গে আছেন, তাহা গ্রহগণের স্ফুটাংশ দৃষ্টে নিরূপণ করিবে। যে যে অঙ্গে পাপগ্রহের যোগ ও দৃষ্টি থাকে, সেই সেই অঙ্গে ব্রণ ও উপঘাত এবং শুভগ্রহের যোগ বা দৃষ্টি থাকিলে মশকাদি শুভচিহ্ন নির্দ্দেশ করিবে। গ্রহগণ যদি স্বক্ষেত্রে, স্বনবাংশে, স্থিররাশিতে বা স্থিরনবাংশে থাকেন, তবে জাতক সেই সেই গ্রহনির্দ্দিষ্ট চিহ্ন-যুক্ত হইয়া জন্ম গ্রহণ করে। উহার অন্যথায়, চিহ্ন ও ব্রণাদি আগন্তুক হয়, অর্থাৎ সেই সেই গ্রহের দশাভোগকালে ব্রণাদি হইয়া থাকে। শনি ব্রণকারক হইলে প্রস্তর ও বায়ু হেতুক ; মঙ্গল হইলে অগ্নি, শস্ত্র ও বিষহেতুক ; বুধ

হইলে ভূমি বা পতনাদিহেতুক, রবি হইলে কাষ্ঠ ও চতুষ্পদপশু হেতুক এবং চন্দ্র ব্রণকারক হইলে শৃঙ্গী ও অম্বুচারী অর্থাৎ কুম্ভীরাদি জলচর প্রাণী হেতুক ব্রণোপঘাতাদি হইয়া থাকে। আর বৃহস্পতি, শুক্র, পাপযুক্ত বুধ ও ক্ষীণেতর চন্দ্র, ইহাঁরা ব্রণকারক হইলে শুভচিহ্ন হয়।

## অথ লগ্নে রব্যাদিগ্রহ-যোগ-ফলম্।

লগ্নেঽর্কেঽল্পকচঃ ক্রিয়ালসতনুঃ ক্রোধী প্রচণ্ডোন্নতো।
যামী লোচনরুক্ সুকর্কশতনুঃ শূরোঽক্ষমী নির্ঘৃণঃ ॥ ১
অর্কে তনুস্থে মেষে সস্বস্তিমিরনয়নঃ সিংহস্থে নিশান্ধঃ।
নীচেঽন্ধোঽস্বঃ শশিগৃহগতে বুদ্বুদাক্ষঃ ॥ ২

রবি লগ্নস্থ হইলে জাতক অল্পকেশী, নিরুৎসাহী, আলস্যবান্, ক্রোধী, প্রচণ্ড, চক্ষুরোগী, কর্কশতনু, বলবান্, ক্ষমাগুণবিহীন ও নির্ঘৃণ হয়। যদি জন্মকালে মেষলগ্ন হয় এবং তাহাতে রবি থাকে, তাহা হইলে জাতক ধনবান্ ও চক্ষুরোগী, সিংহলগ্ন হইলে যদি তাহাতে রবি থাকে, তাহা হইলে জাতক নিশান্ধ। তুলালগ্ন হইলে যদি তাহাতে রবি থাকে, তাহা হইলে জাতক অন্ধ ও নির্ধন এবং কর্কটলগ্ন হইলে যদি তাহাতে রবি থাকে, তাহা হইলে জাতক পুষ্পিতাক্ষ হয়, অর্থাৎ তাহার চক্ষুতে ফুলি পড়ে ॥ ১—২

### লগ্নস্থ-চন্দ্র-ফলম্।

হোরারত্নে। পূর্ণশীতকরে লগ্নে তেজস্বী চাতিগর্ব্বিতঃ।
অসম্পূর্ণে তু মলিনো মন্দবীর্য্যো ভবেন্নরঃ।
চ-চিঃ বিধুর্গো-কুলীরাজগঃ সন্ বপুস্থো
ধনাধ্যক্ষমানন্দ-লাবণ্যপূর্ণং।
বিধত্তেঽধর্ম্মং ক্ষীণদেহং দরিদ্রং
জড়ং শ্রোত্রহীনং নরং শেষলগ্নে ॥ ৪

লগ্নস্থ চন্দ্রের ফল;—পূর্ণচন্দ্র লগ্নস্থ হইলে, জাতক তেজস্বী ও অতিগর্ব্বিত হয়, এবং ক্ষীণচন্দ্র লগ্নস্থ হইলে, মলিন ও মন্দবীর্য্য হয় ॥ ৩ ॥ চন্দ্র, মেষ বৃষ

স ভবতি নরনাথো বিশ্ববিখ্যাত কীর্ত্তি
র্মদগলিতকপোলৈঃ সন্দজৈঃ সেব্যমানঃ ॥ ৫৪

যদি দশমাধিপতি গ্রহ কেন্দ্রে, ত্রিকোণে বা ধনস্থানে থাকিয়া বলবান্ হয়েন কিম্বা স্বক্ষেত্রে অবস্থান করেন, তাহা হইলে ক্ষেত্রসিংহাসন যোগ হয়, উক্ত যোগে জাতব্যক্তি কীর্ত্তিমান্ এবং রাজা হয়, এবং এমন কি মত্তহস্তী দ্বারা সেবিত হইয়া থাকে ॥ ৫৪

## সৌরি-গুরুপূর্ণদৃষ্টিযোগঃ।

যদা চ সৌরিঃ সুররাজমন্ত্রী পরস্পরং পশ্যতি পূর্ণদৃষ্ট্যা।
তদা সমগ্রাং বসুধামুপৈতি কিং বাধমেনান্যগুণেন কিংবা ॥৫৫

যদি জন্মকালে বৃহস্পতি এবং শনি পরস্পর পরস্পরকে পূর্ণদৃষ্টি দ্বারা অবলোকন করেন, তাহা হইলে জাতক সসাগরা পৃথিবীর রাজা হয়, অন্য কোন কিছুতেই ইহার প্রতিবন্ধক হয় না ॥ ৫৫

## সর্ব্বগ্রহ[illegible]-বৃহস্পতিযোগঃ।

[illegible] সুর[illegible]যদি দুষ্টমূর্ত্তি-
[illegible]ত্রিগর্গ[illegible] নৃপযোগ [illegible]॥
[illegible]পুনঃ [illegible] তান্ গ্রহেন্দ্রান্
[illegible] নরপতিঃ প্রথিতঃ [illegible] ॥ ৫৬

[illegible], অত্রি ও গর্গমুনি বলিয়াছেন যে, [illegible]কালে যদি সমস্ত গ্রহ [illegible] অবলোকন [illegible] তাহা হইলে রাজযোগ হয়। আর যদি [illegible] বৃহস্পতি [illegible] তাহা হইলে [illegible] নৃপতুল্য [illegible] সে ব্যক্তি [illegible]

[illegible] ইতি [illegible] রাজযোগঃ

[illegible] চন্দ্রে [illegible] সৌম্যে [illegible] নন্দনে।
[illegible] দিবে [illegible] নৃপ[illegible] ভবে[illegible] ॥ ৫৭
[illegible]
[illegible]

শনির গৃহে রাহু এবং সিংহরাশিতে চন্দ্র অবস্থানকালে কেহ জন্মগ্রহণ করিলে তাহার শিরশ্ছেদ হয়॥ ৩৮

অষ্টমস্থানে রবি ও চন্দ্র অবস্থানকালে জন্মগ্রহণ করিলে শিরশ্ছেদ হয়॥ ৩৯

## শূলরোগী-যোগঃ।

একত্রৈব ত্রয়ো মুখ্যাঃ পাপাস্তিষ্ঠন্তি সর্ব্বদা।
শূলযোগো ভবেদত্র নাত্র কার্য্যা বিচারণা॥ ৪০

যুদ্ধে বাদে তৎপরাঃ ক্রূরচেষ্টাঃ ক্রূরাস্বান্তে নিষ্ঠুরা নির্দ্ধনাশ্চ।
যোগে যেষাং সূতিকালে হি শূলঃ শূলপ্রায়াস্তে জনানাং ভবন্তি॥৪১

জন্মকালে তিনটী পাপগ্রহ একরাশিস্থ হইলে জাতব্যক্তি শূলরোগী হয়, এই বিষয়ে কোন বিচারের আবশ্যকতা নাই॥ ৪০

## ক্ষয়গুল্মাদিরোগ-যোগঃ।

পাপান্তরালে চ ভবেৎ কলাবান্ কিলার্কসূনুর্মদনালয়স্থঃ।
কলেবরং স্যাৎ বিকলঞ্চ তস্য শ্বাস ক্ষয়-প্লীহক- গুল্মরোগৈঃ॥ ৪২

দৃষ্টে ক্রূরখগৈঃ শুভৈর্ন চ বিধৌ ষষ্ঠেশ্বরে প্লীহকৃৎ।
ষষ্ঠে সপ্তমমালয়ে খলখগে স্যাৎ প্লীহরোগী পুমান্॥ ৪৩
জন্মন্যেব বিনষ্ট-দগ্ধকশনিঃ সূর্য্যে মহাপ্লীহতা।
লগ্নস্বামিনি চোগ্রপীড়িতশনৌ প্লীহাহথ সাঙ্গে স্থিতে॥ ৪৪

যদি চন্দ্র পাপগ্রহের মধ্যবর্ত্তী হয় এবং জায়া স্থানে শনি থাকে, তাহা হইলে মনুষ্যের শ্বাস, ক্ষয়, প্লীহা ও গুল্মরোগে শরীর বিকৃত হয়॥ ৪২

## অর্শপীড়াযোগাঃ।

ভূম্যাঃ পুত্রে শশিরবিযুতে দর্শপূর্ণেষ্টকালে
মন্দেহস্ত্যস্থে কুজতনুভুজের্যোগতোহস্তে দৃশাদ্ধাঃ।
ভৌমে বালৌ গুরুসিতদৃশা বর্জ্জিতে জীবলগ্নে
মূর্ত্তৌ মন্দে কুজযুজি মদে সম্যগর্শো বিকারঃ॥ ৪৫
ক্রূরে বিনাশনাথে মদগে শুভদৃষ্টিবর্জ্জিতের্শো দৃক্।
অন্ত্যস্তগৃহে মন্দে বালৌ পুণ্যে সভূমিসুতে॥ ৪৬

## জাতিভ্রংশম্লেচ্ছাদি-যোগাঃ।

দ্বিঃস্বভাবং তু লগ্নং বৈ শনিযুক্তস্তু লগ্নপঃ।
শনের্গৃহেস্থিতশ্চৈব জাতিভ্রষ্টো ভবেন্নরঃ॥ ৪৭
লগ্নগো নীচসংস্থো বৈ খলখেটস্তু নির্ব্বলঃ।
ব্যয়স্থৌ শনিরাহূ চ মদিরাং পিবতে নরঃ॥ ৪৮
লগ্নে ক্রূরো ব্যয়ে ক্রূরো ধনগো ক্রূর এব চ।
লগ্নপঃ ক্রূরসংযুক্তো ম্লেচ্ছো ভবতি সর্ব্বথা॥ ৪৯
ধনস্থানে যদা সৌরিঃ সৈংহিকেয়ো ধরাত্মজঃ।
স্থিতশ্চ পঞ্চমে স্থানে ত্বষ্টমে শশিভাস্করৌ॥ ৫০
ধনস্থানে যদা সৌরিশ্চাষ্টমে যদি চন্দ্রমাঃ।
ব্রহ্মপুত্রো যদা জাতো ম্লেচ্ছো ভবতি নান্যথা॥ ৫১
লগ্নস্থো বাঽষ্টমে সৌরিঃ সুখস্থে চাষ্টমে কুজে।
ভাবী জাত্যন্তরে প্রাহুর্ম্মনয়ো বহুপাতকান্॥ ৫২
লগ্ননাথো ব্যয়ে জাতঃ শনিযুক্তস্তু লগ্নভং।
তমোযুক্তে নরোলোকে জাতিভ্রংশমবাপ্নুয়াৎ॥ ৫৩
তনুপস্তনুগশ্চৈব ক্রূরগ্রহসমাযুতঃ।
ব্যয়নাথো ধনে নীচো জাতিভ্রংশমবাপ্নুয়াৎ॥ ৫৪
লগ্নস্থো ক্রূরখেটৌ বৈ সপ্তমেপি ব্যয়েপি চ।
লগ্নস্বামী চ সক্রূরঃ শনিযুক্তো বিশেষতঃ॥৫৫
যদি বিলগ্নগতো রবিনন্দনস্তনুপতির্যদি পাপসমন্বিতঃ।
সুরগুরুস্তমসা যদি সংযুতঃ খলু নরো মদিরাং পিবতে হি সঃ॥ ৫৬

## সর্পহন্তাযোগাঃ।

মৃত্যুস্থো যদি বা ভৌম শক্রগেহীন্দুসংযুতঃ।
এষ নাশকরো যোগো দ্বিজিহ্বেন ন সংশয়ঃ॥ ৫৭
লগ্নাচ্চ সপ্তমস্থানে শন্যর্কে রাহুসংস্থিতে।
সর্পেণ পীড়িতস্যোক্তা শয্যায়াং স্বপতোঽপি চ॥ ৫৮

জন্মলগ্ন হইতে অষ্টমস্থানে যদি মঙ্গল থাকে এবং ঐ মঙ্গল শত্রুগৃহগত হয় ও তাহার সহিত চন্দ্রের যোগ থাকে, তাহা হইলে জাতমনুষ্য সর্পকর্ত্তৃক দংশিত হইয়া প্রাণ পরিত্যাগ করে ॥ ৫৭

## ইচ্ছতো মৃত্যুযোগঃ।

কেন্দ্রস্থানগতে ভৌমে সৈংহিকেয়ে চ সপ্তমে।
তদা নিত্যং বিজানীয়াদস্মান্মৃত্যুস্তদা ভবেৎ ॥ ৫৯

## বাত-পীড়া-যোগঃ।

বাতরোগী বিলগ্নস্থে গুরৌ দ্যূনগতে শনৌ।
সোন্মাদো লগ্নগে জীবে দ্যূনস্থে ভূসুতে ভবেৎ ॥ ৬০
সর্ব্বদা তনুগতাঃ শশিভাস্কর পঙ্গবো বিবিধরোগকারকশ্চ ভবন্তিহি।
প্রবলবাত বিশোষ শিরোব্যথং খলুতদা লভতে ভুবি মানবঃ ॥ ৬১

## পশুহন্তা-যোগঃ।

চন্দ্রসূর্য্যগৃহে রাহুশ্চন্দ্র-সূর্য্যযুতো যদি।
মৃত্যুস্থো মদনস্থোবা পশুভির্হন্যতেঽথবা ॥ ৬২

## মুখর-যোগঃ।

ক্ষীয়মাণবিধুরত্র ভৌমযুগ্মা শুভে তু মুখরঃ প্রজায়তে ॥ ৬৩
অত্র আস্ফুজিতি সপ্তমদৃষ্ট্যা জ্ঞঃ প্রপশ্যতি তদা মুখরঃ স্যাৎ ॥ ৬৪

## অথ হৃদয়-দোষঃ।

ষষ্ঠেশ্বরার্কে সখলে শুভাঢ্যে।
হৃদ্রোগবাংশ্চাথ চতুর্থগঃ শনিঃ ॥ ৬৫
গুরুর্ভবেদ্বাপি খলৈঃ প্রপীড়িতঃ।
স্যাদ্রক্তপিত্তী হৃদয়ে সকম্পনঃ ॥ ৬৬

## অথ কর্ণদোষঃ।

যবনঃ। সৌম্যে রিপু-কুগৃহগে শনিনা তুরীয়-
দৃষ্টে রিপৌ সমদৃশাব্যধিরত্বযোগঃ ॥ ৬৭

চাপস্থবক্রশনিহদ্দগবাক্‌পতৌ জ্ঞে
শুক্রান্বিতে রিপুযুতেন্দুজপূর্ণদৃষ্টে ॥ ৬৮
নক্তং বুধে রিপুগৃহে সিতে চ বোম্নি সংস্থিতে
উচ্চৈঃস্বরেণ শৃণুতে শ্রবণে দক্ষিণোত্তরে ॥ ৬৯

অন্বয়ার্থঃ—বুধষষ্ঠীপতিশ্চতুর্থে শনিনা চতুর্থদৃষ্ট্যা দৃষ্টে বধিরো ভবতি। অথবা বুধে রিপৌ যদি শনিনা সমদৃষ্ট্যা দৃষ্টে বধিরঃ। অথবা ধনুঃস্থো বক্রী শনিস্তস্য হদ্দায়াং বাক্‌পতির্ভবতি জ্ঞে শুক্রান্বিতে রিপুগতে ভৌমেন পূর্ণদৃষ্ট্যা দৃষ্টে বধিরঃ স্যাৎ। অথবা রাত্রি জন্মনি বুধে ষষ্ঠে শুক্রে দশমস্থে উচ্চৈঃশব্দেন বামকর্ণে শৃণোতি ত্রিকোণায়তৃতীয়স্থাঃ পাপাঃ সৌম্যে রবীক্ষিতাঃ। কর্ণোপঘাতং কুর্ব্বন্তি জাতকস্য ন সংশয়ঃ ॥ ৬৭—৬৯

## চৌরযোগাঃ।

মূর্ত্তৌ ক্রূরাস্তৃতীয়ে চ লাভে চাপি বিশেষতঃ।
নীচগ্রহেণ সংদৃষ্টো জায়তে চৌরমানবঃ ॥ ৭০
তৃতীয়ং যদি নীচস্থং শনিশ্চৈব বিশেষতঃ
নীচগ্রহণে সংদৃষ্টো জায়তে চৌরমানবঃ ॥ ৭১
বৃশ্চিক্যাধিপতির্নীচো নীচগ্রহসমাযুতঃ।
লগ্নেগো যদি নীচস্থশ্চৌরো ভবতি মানবঃ ॥ ৭২
তৃতীয়েঽপি যদা নীচাঃ কুজরাহুশনৈশ্চরাঃ।
ভাবাধীশশ্চ নীচস্থো জায়তে চৌরমানবঃ ॥ ৭৩
ব্যয়ে ক্রূরো ধনে ক্রূরো বৃশ্চিক্যে বা বিশেষতঃ।
ভাবানাং স্বামিনো নীচাশ্চৌরো জাতো ভবিষ্যতি ॥ ৭৪
লগ্নলাভপতির্নীচো ক্রূরগ্রহসমাযুতঃ।
লাভস্বামী তৃতীয়স্থো নীচে চৌরাধিপো নরঃ ॥ ৭৫
সপ্তমে মন্দভৌমজ্ঞা বা চতুর্থগতা ইমে।
পূর্ণদৃষ্ট্যা চন্দ্রদৃষ্টাচ্চচৌরো ভবেন্নরঃ ॥ ৭৬
শুভদৃষ্টা জ্ঞারচন্দ্রাঃ কেন্দ্রস্থাশ্চৌর মানবঃ।

# নবম অধ্যায়।

## প্রথম পরিচ্ছেদ।

### অষ্টবর্গগণনা।

#### অষ্টবর্গ গণনা-প্রণালী।

রবি, চন্দ্র, মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র, শনি ও লগ্ন এই আটটীকে লইয়া অষ্টবর্গ। অষ্টবর্গ গণনাকালে ভিন্ন ভিন্ন স্থানে আটটী রাশিচক্র অঙ্কিত করিয়া ঐ সকল রাশি-চক্রের মধ্যস্থানে যথাক্রমে রবি, চন্দ্র, মঙ্গল, বুধ ইত্যাদি আটটী নাম লিখিতে হইবে। জন্মকালে রাশিচক্রে কথিত গ্রহগণ ও লগ্ন যে যে রাশিতে অবস্থিত থাকিবে বা আছে তাহাদের প্রত্যেকের অবস্থিতি-স্থান হইতে ভিন্ন ভিন্ন আটটী রাশিচক্রে নিম্নলিখিত প্রকারে রেখা ও বিন্দুপাত করিতে হইবে।

প্রথমতঃ রবির অষ্টবর্গ গণনা করিতে হইলে রবি যে রাশিতে অবস্থিত আছেন, সেই রাশিতে, তাহা হইতে দ্বিতীয়, চতুর্থ, সপ্তম, অষ্টম, নবম, দশম ও একাদশ রাশিতে এক একটী রেখাপাত করিতে হইবে। সেইরূপ চন্দ্র, মঙ্গলাদির ও নিম্নলিখিত অঙ্ক দ্বারা কোন্ কোন্ স্থানে, রেখাপাত করিতে হইবে তাহা সুধীগণ বুঝিয়া লইবেন। পাঠকবর্গের সুবিধার্থ নিম্নে গ্রহগণের অষ্টবর্গ রেখাচক্র দেওয়া গেল।

#### গ্রহগণের অষ্টবর্গরেখাচক্র।

| সূর্য্যাষ্টবর্গরেখা ৪৮ | চন্দ্রাষ্টবর্গরেখা ৪৯ |
|---|---|
| রবি ১।২।৪।৭।৮।৯।১০।১১ | রবি ৩।৬।৭।৮।১০।১১ |
| চন্দ্র ৩।৬।১০।১১ | চন্দ্র ১।৩,৬।৭।১০।১১ |
| মঙ্গল ১।২।৪।৭।৮।৯।১০।১১ | মঙ্গল ২।৩।৫।৬।৯।১০।১১ |
| বুধ ৩।৫।৬।৯।১০।১১।১২ | বুধ ১।৩।৪।৫।৭।৮।১০।১১ |
| গুরু ৫।৬।৯।১১ | গুরু ১।৪।৭।৮।১০।১১।১২ |
| শুক্র ৬।৭।১২ | শুক্র ৩।৪।৫।৭।৯।১০।১১ |
| শনি ১।২।৪।৭।৮।৯।১০।১১ | শনি ৩।৫।৬।১১ |
| লগ্ন ৩।৪।৬।১০।১১।১২ | লগ্ন ৩।৬।১০।১১ |

**কুজাষ্টবর্গরেখা ৩৯**

রবি ৩।৫।৬।১০।১১
চন্দ্র ৩।৬।১১
মঙ্গল ১।২।৪।৭।৮।১০।১১
বুধ ৩।৫।৬।১১
গুরু ৬।১০।১১।১২
শুক্র ৬।৮।১১।১২
শনি ১।৪।৭।৮।৯।১০।১১
লগ্ন ১।৩।৬।১০।১১

**বুধাষ্টবর্গরেখা ~~৩৯~~ ৫৫**

রবি ৫।৬।৯।১১।১২
চন্দ্র ২।৪।৬।৮।১০।১১
মঙ্গল ১।২।৪।৭।৮।৯।১০।১১
বুধ ১।৩।৫।৬।৯।১০।১১।১২
গুরু ৬।৮।১১।১২
শুক্র ১।২।৩।৪।৫।৮।৯।১১
শনি ১।২।৪।৭।৮।৯।১০।১১
লগ্ন ১।২।৪।৬।৮।১০।১১

**গুর্বষ্টবর্গরেখা ৫৬**

রবি ১।২।৩।৪।৭।৯।১০।১১
চন্দ্র ২।৫।৭।৯।১১
মঙ্গল ১।২।৪।৭।৮।১০।১১
বুধ ১।২।৪।৫।৬।৯।১০।১১
গুরু ১।২।৩।৪।৭।৮।১০।১১
শুক্র ২।৫।৬।৯।১০।১১
শনি ৩।৫।৬।১১
লগ্ন ১।২।৪।৫।৬।৭।৯।১০।১১

**শুক্রাষ্টবর্গরেখা ৫২**

রবি ৮।১১।১২
চন্দ্র ১।২।৩।৪।৫।৮।৯।১১।১২
মঙ্গল ৩।৫।৬।৯।১১।১২
বুধ ৩।৫।৬।৯।১১
গুরু ৫।৮।৯।১০।১১
শুক্র ১।২।৩।৪।৫।৮।৯।১০।১১
শনি ৩।৪।৫।৮।৯।১০।১১
লগ্ন ১।২।৩।৪।৫।৮।৯।১১

**শন্যষ্টবর্গরেখা ৩৯**

রবি ১।২।৪।৭।৮।১০।১১
চন্দ্র ৩।৬।১১
মঙ্গল ৩।৫।৬।১০।১১।১২
বুধ ৬।৮।৯।১০।১১।১২
গুরু ৫।৬।১১।১২
শুক্র ৬।১১।১২
শনি ৩।৫।৬।১১
লগ্ন ১।৩।৪।৬।১০।১১

**লগ্নাষ্টবর্গরেখা ৪৯**

রবি ৩।৪।৬।১০।১১।১২
চন্দ্র ৩।৬।১০।১১।১২
মঙ্গল ১।৩।৬।১০।১১
বুধ ১।২।৪।৬।৮।১০।১১
গুরু ১।২।৪।৫।৬।৭।৯।১০।১১
শুক্র ১।২।৩।৪।৫।৮।৯
শনি ১।৩।৪।৬।১০।১১
লগ্ন ৩।৬।১০।১১

পরাশরীহোরায় লগ্নরেখা ৪৯, গ্রন্থান্তরে ৩৭ উক্ত আছে।

কোষ্ঠিতে কেহ কেহ লগ্নের অষ্টবর্গস্থানে রাহুর অষ্টবর্গ লিখিয়া থাকেন।

রাহ্বষ্টবর্গ রেখা ৩৯।

| | |
|---|---|
| রবি ২।৩।৪।৬।৯ | রাহু ১।৪।৫।৬।৯ |
| চন্দ্র ১।৩।৪।৬ | গুরু ৩।৪।৬।৯ |
| মঙ্গল ৩।৫।৬।৯ | শুক্র ২।৩।৫।৯ |
| বুধ ১।২।৩।৫।৯ | শনি ২।৫।৬ |
| | লগ্ন ৪।৯।১০।১১।১২ |

উক্ত প্রণালীতে রেখাপাত করিয়া গ্রহগণের শুদ্ধাশুদ্ধ বিচার করিতে হইবে। অষ্টবর্গে কিরূপে গ্রহগণের শুদ্ধাশুদ্ধ বিচার ও তাহাদের ফলনির্ণয় করিতে হয়, তাহা পরবর্ত্তী পরিচ্ছেদে বর্ণিত হইয়াছে। দশা-ফল সুবিচারসাপেক্ষ, কিন্তু মহাষ্টবর্গ ও অষ্টবর্গ-সম্মুখ যে ফল, তাহা বিচারসাপেক্ষ নহে। উহা গণিতাগত বলিয়া অব্যর্থ; যদি গণনা নির্ভুল হয়, তবে অষ্টবর্গ-নিরূপিত ফল অবশ্যই ফলৈক্যে পরিণত হইবে।

---

# দ্বিতীয় পরিচ্ছেদ।

## অষ্টবর্গে গ্রহগণের শুদ্ধাশুদ্ধ বিচার ও ফলনির্ণয়।

যে গ্রহের অষ্টবর্গে যে যে রাশিতে পাঁচ হইতে আট পর্য্যন্ত ফলরেখা থাকিবে, সেই গ্রহ সেই রাশিতে ক্রমশঃ শুভফলের বর্দ্ধক হয়েন। আর চারি রেখা থাকিলে সমফলপ্রদ এবং তিন, দুই ও একরেখা থাকিলে ক্রমশঃ অশুভ ফলের বর্দ্ধক হয়েন। রেখা না থাকিলে অর্থাৎ অষ্টশূন্যে, সেই রাশিতে বিশেষ অশুভপ্রদ হয়েন। অতএব যে গ্রহের অষ্টবর্গ গণনা করিতে হইবে, সেই গ্রহ যে গৃহে থাকিবে সেই গৃহে যদি ৪ কিম্বা ততোধিক রেখা থাকে, তবে সেই গ্রহ শুদ্ধ ও শুভফলপ্রদ। আর যে ঘরে চারি রেখার কম হইবে, সেই রাশিগত হইলে অশুদ্ধ ও অশুভফলপ্রদ জানিবে। গ্রহগণ অষ্টবর্গে শুদ্ধ হইয়া যদি উপচয়গত অর্থাৎ জন্মরাশি বা জন্ম-লগ্ন হইতে তৃতীয়, ষষ্ঠ, দশম বা একাদশ স্থানগত অথবা মিত্রগৃহগত বা উচ্চস্থানগত হয়, তবে সেই গ্রহ অতিশয় শুভফলপ্রদ; এবং গ্রহগণ অশুদ্ধ হইয়া যদি অপচয় স্থান

গত অর্থাৎ ৩য়, ৬ষ্ঠ, ১০ম ও ১১শ ভিন্ন অন্য রাশিগত হয় কিম্বা শত্রু বা নীচ রাশিতে অবস্থান করে তাহা হইলে অতিশয় অশুভপ্রদ হইয়া থাকে। গ্রহগণ যে যে রাশিতে অষ্টবর্গে শুভ, গোচরে সেই সেই রাশিতে আগমন করিলে তাৎকালিক শুভপ্রদ হয়েন। সেই স্থান যদি জন্মরাশি হইতে সেই গ্রহের গোচর-নির্দ্দিষ্ট শুভস্থান হয়, তবে শুভফলের বর্দ্ধক হয়েন। সেই রাশি, জন্মলগ্ন হইতে যে ভাব, তদ্ভাবোত্থফলের এবং তদ্ভাব-নির্দ্দিষ্ট ভ্রাতৃ পিত্রাদির তাৎকালিক শুভ-সৌখ্য কল্পনীয়। মনে করুন রবির অষ্টবর্গে মিথুন রাশিতে ফলরেখা ছয় আছে; সেরূপস্থলে রবি মিথুনরাশিস্থ হইলে অর্থাৎ আষাঢ়মাসে বিশেষ শুভফলসূচক হয়েন। যে কার্য্যে রবিশুদ্ধির আবশ্যক, আষাঢ়মাসে সেই কার্য্যারম্ভে নিশ্চয়ই শুভ হইবে।

যাবতী যাবতী রেখা গ্রহাণামষ্টবর্গকে।
তাবতীং দ্বিগুণীকৃত্য চাষ্টভিঃ পরিশোধয়েৎ॥
অষ্টোপরিভবেদ্রেখা অষ্টাভ্যন্তর বিন্দবঃ।
অষ্টাভিশ্চ সমোযত্র সমস্তত্র নিগদ্যতে॥ ১

পূর্ব্বোক্ত নিয়মানুসারে প্রত্যেক রাশিতে যতগুলি রেখাপাত হইবে তাহাদিগকে দ্বিগুণ করিয়া গুণফল হইতে আট বিয়োগ করণান্তর যত অবশিষ্ট থাকিবে তত অঙ্ক সেই সেই রাশিতে রাখিতে হইবে এবং যে যে রাশিতে দ্বিগুণিত রেখা-সমষ্টি আটের ন্যূন হইবে সেই সেই রাশিতে আট হইতে যে কয়েক সংখ্যা কম হয় ততগুলি বিন্দু বসাইতে হইবে আর যে যে রাশিতে দ্বিগুণিত রেখার সমষ্টি আট হইবে, সেই রাশিতে সম লিখিবে॥ ১

## বিন্দু ও রেখাপাত-প্রণালী।

শূন্যে তু বিন্দবশ্চাষ্টৌ রেখৈকে রসবিন্দবঃ।
চত্বারো বিন্দবো যুগ্মে দ্বিবিন্দু রামরেখকে॥
সমো রেখা চতুর্থেতু পঞ্চমে নেত্ররেখকে।
ষড়েখাসু চতুরেখা সপ্তমে রসরেখিকা॥ ২

## অথ রব্যাদি-গ্রহাণাং বিশেষফলম্।

লগ্নং গতে দিনকরে রিপুনীচভাগে
জাতঃ কৃশানুযুগবিন্দুযুতে চ রোগী।
বাণাদিবিন্দুসহিতোদয়গে দিনেশে
স্বোচ্চেঽথবা নিজগৃহে নৃপতিশ্চিরায়ুঃ ॥ ৬
কেন্দ্রত্রিকোণপগতে দিনেশে ষট্-পঞ্চ-সপ্তাষ্টকবিন্দুবর্গে।
রুদ্রামলানীলচলাঙ্ককেষু জাতস্য বা তজ্জনকস্য মৃত্যুঃ ॥ ৭

একাদি রেখা বা বিন্দুযোগে রবির বিশেষ ফল ;—রবির অষ্টবর্গে দুই বা তিন বিন্দুযুক্ত রাশিতে লগ্নস্থ রবি, শত্রুগৃহ, শত্রুনবাংশ, নীচগৃহ বা নীচরাশিস্বরূপ-নবাংশস্থ হইলে জাতক চিররোগী হয়। আর পঞ্চাদি রেখাযুক্ত রাশিতে লগ্নস্থ রবি, উচ্চরাশি, উচ্চনবাংশ, স্বগৃহ বা স্বনবাংশস্থ হইলে জাতক দীর্ঘায়ুঃ ও রাজা বা রাজতুল্য ঐশ্বর্য্যশালী হয় ॥ ৬

পঞ্চ, ষট্, সপ্ত বা অষ্টবিন্দুযুক্ত রবি, কেন্দ্র বা কোণস্থ হইলে যথাক্রমে ২২, ৩৫, ৩০ বা ৩৬ বর্ষ বয়ঃক্রম সময়ে জাতকের বা তাহার পিতার মৃত্যু হয় ॥ ৭

### অথ চন্দ্রফলম্।

শূন্যাগারং তরণি-শশিনোরষ্টবর্গং তদীয়ং,
মাসং রাশিঃ সকলশুভদে কর্ম্মণি ত্যাজ্যমাহুঃ।
যক্ষ্মালস্যং শশিনি তনুগে সৈকলোকাক্ষিবিন্দৌ
সপ্তত্রিংশচ্ছরদি মরণং দ্বিত্রিখেটান্বিতে চ ॥ ৮

চন্দ্রের ফল—রবি ও চন্দ্রের অষ্টবর্গে যে রাশি রেখাবর্জ্জিত অর্থাৎ অষ্টশূন্য-যুক্ত, সেই রাশিতে এবং সেই রাশি-নির্দ্দিষ্ট মাসে, কদাচ কোন শুভ কার্য্যারম্ভ করিবে না। (যে রাশি পঞ্চাদি রেখাযুক্ত, সেই রাশিতে এবং সেই মাসে শুভ কার্য্যারম্ভে শুভ ফল হয়)। লগ্নস্থ চন্দ্র, চন্দ্রাষ্টবর্গে এক, দুই বা তিন বিন্দুযুক্ত রাশিতে অবস্থিত হইলে জাতক আলস্যবান্ ও যক্ষ্মারোগী হয়, উক্ত চন্দ্র দুই বা তিন গ্রহযুক্ত হইলে ৩৭ বর্ষে তাহার মৃত্যু হয় ॥ ৮

## ভৌমফলং।

স্বোচ্চ-স্বকে গুরু-সুখোদয়-মানযাতে
বিন্দষ্টকে চ যদি কটিধনপ্রভুঃ স্যাৎ।
চাপাজসিংহমৃগকীটবিলগ্নসংস্থে
ভৌমে চ পঞ্চাদিক বিন্দুগতে চ রাজা॥ ৯

মঙ্গলের ফল—মঙ্গলের অষ্টবর্গে, অষ্টবিন্দুযুক্ত অথচ উচ্চ বা স্বগৃহস্থ মঙ্গল, লগ্ন, চতুর্থ, নবম বা দশমস্থ হইলে, জাতক কোটিধনেশ্বর হয়। মেষ, সিংহ, ধনু, মকর বা বৃশ্চিক-লগ্নস্থ মঙ্গল, পঞ্চাদি বিন্দুযুক্ত হইলে জাতক রাজা (বা রাজ-তুল্য) হয়॥ ৯

## বুধফলম্।

কেন্দ্রত্রিকোণে বসুবিন্দুকে জ্ঞে জাতীয়বিদ্যাধিক-ভোগশালী।
স্বোচ্চাদিকৈক-দ্বিতয়-ত্রিবিন্দৌ তদ্ভাববৃদ্ধির্ন চ ভাবহানিঃ॥ ১০
বিন্দ্বাধিক্যং যত্তদাগারমাসে বিদ্যারম্ভঃ সর্ব্ববিদ্যাকরঃ স্যাৎ॥১১

বুধের ফল—কেন্দ্র বা কোণস্থ বুধ, স্বীয় অষ্টবর্গে অষ্টবিন্দুযুক্ত হইলে জাতক জাতীয় বিদ্যাকুশলী ও অধিক ভোগশালী হয়। এক, দুই বা তিন বিন্দুযুক্ত উচ্চস্থ বুধ যে ভাবস্থ হয়েন, সেই ভাবের ইষ্টানিষ্ট বিশেষ কিছু হয় না॥ ১০

বুধাষ্টবর্গে যে রাশিতে পঞ্চাদি ফলরেখা থাকিবে, সেই রাশিনির্দ্দিষ্ট মাসে বিদ্যারম্ভ হইলে বিদ্যার সমধিক উন্নতি সাধন হয়॥ ১১

## গুরুফলম্।

জীবাষ্টবর্গাধিক বিন্দুরাশৌ লগ্নে নিষেকঃ কুরুতে সুতার্থী।
তদ্রাশিদিগ্‌ভাগগৃহস্থিতানি গোবিত্ত যানানি বহূনি চ স্যুঃ॥১২

বৃহস্পতির ফল—বৃহস্পতির অষ্টবর্গে পঞ্চাধিক ফলরাশি-লগ্নে গর্ব্ভাধান করিলে পুত্রকামী ব্যক্তির (পত্নীর বাধকাদি রোগ না থাকিলে বা পুত্রোৎপত্তির সম্ভব থাকিলে) পুত্রলাভ হয়। আর তত্তৎ রাশিনির্দ্দিষ্ট যে দিক্, সেইদিকে গৃহারম্ভ বা গৃহস্থিতি শুভজনক, তদ্‌গৃহ, বহু গো, বিত্ত, যান প্রভৃতি সুখের হেতু হয়॥ ১২

শুক্রফলম্।

শুক্রোঽল্পবিন্দুযুত-মন্দিরদিগ্বিভাগে
স্ত্রীবশ্যহেতু শয়নীয়গৃহং প্রশস্তম্॥ ১৩

শুক্রের ফল—শুক্র, একাদি অল্প ফলরেখাযুক্ত হইলে, শুক্রাবস্থিত রাশির যে দিক্, সেই দিকস্থিত শয়নীয় গৃহ, স্ত্রীবশ্যের নিমিত্ত প্রশস্ত হয়॥ ১৩

শনিফলম্।

কোণস্থ শূন্যতররাশিগতে তু মন্দে
জাতস্থ মৃত্যুফলমাশুধনক্ষয়ো বা।
একদ্বি-লোকযুতবিন্দুযুতে চ কেন্দ্রে
মুক্তে স্বতুঙ্গভবনে রবিজেঽল্পমায়ুঃ॥ ১৪

শনির ফল—শনির অষ্টবর্গে অষ্টশূন্যযুক্ত রাশিতে শনি থাকিলে, কিম্বা গোচরে সেই রাশিতে শনির আগমন হইলে, জাতকের জন্মকালে ও তৎকালে মৃত্যুফল বা ধনক্ষয় হয়। কেন্দ্রস্থ শনি, এক দুই বা তিন ফলরেখাযুক্ত হইলে, জাতক অল্পায়ুঃ হয়; কিন্তু শনি তুঙ্গস্থ হইলে উক্ত ফল হইবে না॥ ১৪

অথ ভিন্নাষ্টক-বর্গায়ুঃ।

কেন্দ্রাদন্যতমস্থে চ শশিনি গ্রহসংযুতে।
অষ্টবর্গেণ ভিন্নায়ুর্দশমে ক্রূরসৌম্যকৈঃ॥ ১৫
রেখায়াং বৎসরো জ্ঞেয়ঃ সার্দ্ধসপ্তদিনং সমে।
অষ্টবর্গে গ্রহায়ুঃ স্যাদ্দিনং চতুর্ষু বিন্দুষু॥ ১৬

অষ্টবর্গায়ুঃ;—যে কোন গ্রহযুক্ত চন্দ্র, কেন্দ্রস্থ হইলে এবং দশমে শুভাশুভ গ্রহ থাকিলে, জাতক অষ্টবর্গায়ুর অধিকারী হয়; অর্থাৎ তজ্জাতকের অষ্টবর্গায়ুঃ নিরূপণ করা আবশ্যক॥ ১৫

পূর্ব্বোক্ত প্রণালীতে অষ্টবর্গ অঙ্কিত করিয়া তাহাতে প্রত্যেক ঘরের রেখাকে দ্বিগুণ করিয়া আট বাদ দিয়া যেরূপে অঙ্কপাত প্রণালী লিখিত আছে, সেইরূপে অঙ্কপাত করিবে। অষ্টবর্গচক্রে প্রত্যেক ঘরে যত অঙ্ক হইবে, তত বৎসর, যত সম

৭।৹ সাড়ে সাতদিন এবং যত চারি বিন্দু ততদিন ধরিতে হইবে। এইরূপে রবির অষ্টবর্গে দ্বাদশ ঘরের রেখা সম ও বিন্দু দ্বারা যত বৎসর, মাস ও দিন পাওয়া যাইবে, তাহা একস্থানে রাখিবে। ইহাকেই রবিদত্ত আয়ুঃ বলে। পরে চন্দ্রের অষ্টবর্গে ঐরূপ গণনায় দ্বাদশ ঘরের অঙ্ক,সম ও বিন্দু দ্বারা যত বৎসর, মাস ও দিন পাওয়া যাইবে, তাহা পূর্ব্বস্থাপিত অঙ্কের নীচে রাখিবে, ইহাকেই চন্দ্রপ্রদত্ত আয়ুঃ বলে।

এইরূপে মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র ; শনি ও লগ্নের অষ্টবর্গে প্রত্যেকের দ্বাদশ ঘরে যত অঙ্ক, সম ও বিন্দু হইবে, তত বৎসর মাস ও দিন পূর্ব্বস্থাপিত অঙ্কদ্বয়ের নিম্নে নিম্নে রাখিয়া একত্র যোগ করিবে। অর্থাৎ রব্যাদি লগ্ন পর্য্যন্ত এই আটটীর অষ্টবর্গে যে আট প্রকার প্রদত্ত আয়ুর বর্ষ মাস ও দিন নির্ণীত হইবে, ঐ সকল অঙ্ক একত্র যোগ করিলে যত যোগফল অর্থাৎ যত বৎসর মাস ও দিন হইবে, তত বৎসর মাস ও দিন জাতকের পরমায়ু জানিবে॥ ১৬

## অথ মহাষ্টবর্গনিরূপণম্।

সর্ব্বগ্রহাণাং স্বকমষ্টবর্গং কৃত্বা পৃথক্ সপ্তসু চক্রকেষু।
মেষাখ্যরাশেঃ সকলাঙ্কমালাং লিখেৎ সমাহৃত্য সমস্তচক্রাৎ॥ ১৭
মহাষ্টবর্গাহ্বয়চক্রমেতদ্রাশৌ বৃষাদাবপি চৈব মেব।
বিলিখ্য যাত্রাদি-বিবাহ-রাজ্যাভিষেক-চূড়াদিমহেষু কুর্য্যাৎ॥ ১৮

মহাষ্টবর্গ ;—রব্যাদি সপ্তগ্রহের সপ্ত অষ্টবর্গচক্রে, প্রত্যেক চক্রের মেষরাশিস্থিত অষ্টবর্গ রেখার সমষ্টি যত হইবে, তাহা মহাষ্টবর্গচক্রে মেষরাশিস্থানে রাখিতে হইবে। উক্ত নিয়মে সপ্ত চক্রস্থিত বৃষাদি মীন পর্য্যন্ত প্রত্যেক রাশিস্থিত অঙ্ক-সমষ্টি, মহাষ্টবর্গচক্রে বৃষ হইতে মীন পর্য্যন্ত প্রত্যেক রাশিতে যথাক্রমে স্থাপন করিতে হইবে, উহাকেই মহাষ্টবর্গচক্র কহে। যাত্রা, বিবাহ, রাজ্যাভিষেক ও চূড়া প্রভৃতি উৎসব কার্য্যে অষ্টবর্গে গ্রহশুদ্ধি বিবেচনা করা আবশ্যক॥ ১৭॥ ১৮

## অথ মহাষ্টবর্গফলম্।

ত্রিংশাধিকফলা যে চ রাশয়স্তে শুভা মতাঃ।
পঞ্চবিংশাদি-ত্রিংশান্তফলা মধ্যাঃ প্রকীর্ত্তিতাঃ॥
ততঃ ক্ষীণবলা নিন্দ্যা অনুপাতঃ স্থিতঃ পুরঃ॥ ১৯

এইরূপে অঙ্কপাত করিয়া শুভাশুভ ফল গণনা করিবে। এই মহাষ্টবর্গচক্রে যে ঘরে ২৪ পর্য্যন্ত অঙ্ক পতিত হইবে, সেই রাশি সেই মনুষ্যের পক্ষে ক্ষীণবলী, ২৫ হইতে ৩০ পর্য্যন্ত অঙ্ক যে ঘরে পড়িবে, সেই রাশি মধ্যবলী, আর ৩১ হইতে ৫৬ পর্য্যন্ত অঙ্ক যে ঘরে পতিত হইবে সেই রাশি পূর্ণবলী জানিবে॥ ১৯

শুভরাশৌ বিলগ্নে চ তন্মুহূর্ত্তেঽপি বা বুধঃ।
কুর্য্যাদেতৎ কর্ম্মসর্ব্বং তদা স্যুঃ সর্ব্বসম্পদঃ॥২০

মহাষ্টবর্গ গণনায় যে রাশিটী শুদ্ধ হইবে, সেই রাশিতে বা সেই লগ্নে সকল শুভকর্ম্ম করিবে, অষ্টবর্গশুদ্ধ রাশিতে শুভকার্য্য করিলে সকল সম্পদ্ লাভ হয়॥ ২০

কর্ম্মরাশিঃ শুভশ্চেৎ স্যাত্তদাতীব মহৎ ফলম্।
মধ্যমশ্চ তদাপীষ্টং ফলে নিন্দ্যোঽপি তচ্ছুভম্॥ ২১

মহাষ্টবর্গে যে রাশি শুদ্ধ অর্থাৎ পূর্ণবলী হয়, সেই রাশিতে কর্ম্ম করিলে অতিশয় শুভফল হইবে, মধ্যবল রাশিতে কর্ম্ম করিলেও শুভফল,আর কর্ম্মকালীন রাশি অষ্টবর্গে শুদ্ধ হইয়া যদি হীনবল হয় তথাপিও কিঞ্চিৎ শুভফল জানিবে॥ ২১

মীনাদি-মিথুনং ব্যাপ্য প্রথমং খণ্ডমিষ্যতে।
কর্ক্যাদি-তৌলিনং ব্যাপ্য দ্বিতীয়ং খণ্ডমিষ্যতে॥ ২২

মহাষ্টবর্গচক্রে মীন, মেষ, বৃষ ও মিথুন এই চারি ঘরের অঙ্ক একত্র যোগ করিলে যত হইবে, তাহা প্রথমখণ্ড। কর্কট, সিংহ, কন্যা ও তুলা এই চারি ঘরের অঙ্ক একত্র যোগ করিলে যত অঙ্ক হইবে, তাহা দ্বিতীয়খণ্ড। বৃশ্চিক, ধনু, মকর

ও কুম্ভ এই চারি ঘরের অঙ্ক যোগ করিলে যত অঙ্ক হইবে তাহা তৃতীয়খণ্ড জানিবে॥ ২২

যস্মিন্ খণ্ডেঽধিকা রেখা শুভদং তৎপরিকীর্ত্তিতম্।
যত্র হীনা ন তত্তদ্রং দেবশানঃ প্রভাষতে॥ ২৩

যে ব্যক্তির যে খণ্ডে অধিক অঙ্ক হইবে, সেই ব্যক্তি বয়সের সেই খণ্ডে সুখভোগ করিবে; আর খণ্ডের অঙ্ক সর্ব্বাপেক্ষা কম হইবে, বয়সের সেই খণ্ডে দুঃখ ভোগ করিবে॥ ২৩

কৌমারং প্রথমং খণ্ডং যৌবনঞ্চ দ্বিতীয়কম্।
তৃতীয়ং বার্দ্ধকঞ্চৈব স্বে স্বে দত্ত্যর্ব্বয়স্যাপি॥ ২৪

প্রথম খণ্ডকে বাল্যখণ্ড, দ্বিতীয় খণ্ডকে যৌবনখণ্ড ও তৃতীয় খণ্ডকে বৃদ্ধখণ্ড বলে; ইহার মধ্যে যে খণ্ডের অঙ্ক অধিক হইবে সেই বয়সে সুখভোগ করিবে॥ ২৪

লগ্নং প্রভৃতি মন্দান্ত মেকীকৃত্য ফলানি বৈ
সপ্তভির্গুণয়েৎ পশ্চাৎ সপ্তবিংশ হৃতাং ফলম্।
তৎ সমাব্দে যদা পাপদশা ভবতি দেহিনাম্
ততো দুঃখং বিজানীয়াদ্রোগং বা মৃত্যুমেব চ॥ ২৫

মহাষ্টবর্গচক্রে যে ঘরে লগ্ন, সেই ঘর হইতে যে ঘরে শনি আছেন, সেই ঘর পর্য্যন্ত কয়েক ঘরে যত অঙ্ক থাকিবে, সেই সকল অঙ্ক যোগ করিয়া সপ্ত দ্বারা গুণ করিবে, পরে ২৭ দ্বারা ভাগ করিয়া যত ভাগফল হইবে, তত বৎসরে যদি পাপ-গ্রহের দশা হয়, তবে নানাবিধ দুঃখ, রোগ অথবা মৃত্যু হইয়া থাকে॥ ২৫

## অথ গুরোরষ্টবর্গে অপত্য-বিচারঃ।

গুরোরেবাষ্টবর্গে তু সন্তানং কল্পয়েদ্বুধঃ।
গুরুস্থিতাং সুতস্থানে যাবন্তি স্যুঃ ফলানি বৈ।
শত্রু-নীচগৃহং ত্যক্ত্বা তাবদ্ব্রূয়াদপত্যকম্॥ ২৬

# দশম অধ্যায়।

## প্রথম পরিচ্ছেদ।

### দশা-প্রকরণ।

### নাক্ষত্রিকী-দশা।

যুগভেদে দশাবিশেষো যথা—

সত্যে লগ্নদশা প্রোক্তা ত্রেতায়াং যোগিনী মতা।
দ্বাপরে হরগৌরী চ কলৌ নাক্ষত্রিকী দশা॥ ১

সত্যযুগে লাগ্নিকী দশা, ত্রেতাযুগে যোগিনী দশা, দ্বাপরে হরগৌরী দশা এবং কলিযুগে নাক্ষত্রিকী দশা দ্বারা মনুষ্যের শুভাশুভ নির্ণীত হয়। ১

দশাধিকারমাহ, বৃহৎপারাশরীয়ে।

কৃষ্ণে তু রবিহোরায়াং চন্দ্রহোরাগতে সিতে।
দহনাৎ স্বর্ক্ষপর্য্যন্তং গণয়েৎ নবভির্হরেৎ॥ ২
লগ্নেশাৎ কেন্দ্রকোণস্থে রাহৌ লগ্নে স্থিতং বিনা।
দশাষ্টোত্তরী দ্বিধা প্রোক্তা শিবাদি কৃত্তিকাদি বা॥ ৩
সূর্য্যহোরাগতে শুক্লে চন্দ্রস্য কৃষ্ণপক্ষকে।
তদা নৃণাং ফলার্থায় বিচিন্ত্যা ষোড়শোত্তরী॥ ৪
নবমাংশে যদা জাতা শুক্রস্য দ্বাদশোত্তরী॥ ৫
কর্কাঙ্গে তস্যৈব দ্বাদশাঙ্গকে।
পঞ্চোত্তরীদশা চিন্ত্যা নির্বিবশঙ্কং দ্বিজোত্তম॥ ৬
বর্গোত্তমগতে লগ্নে দশাচিন্ত্যা শতাব্দিকা॥ ৭

চতুরাশীতিকা জ্ঞেয়া কর্ম্মেশে কর্ম্মসংস্থিতে ॥ ৮
লগ্নেশে সপ্তমে যত্র লগ্নে বৈ মদনাধিপে।
চিন্তনীয়া দশা তত্র দ্ব্যধিকা সপ্ততি সমা ॥ ৯
কৃষ্ণপক্ষে দিবাজন্ম শুক্লপক্ষে যদা নিশি।
বিংশোত্তরীদশা তস্য শুভাশুভ-ফলপ্রদা ॥ ১০

গ্রহগণ দশাপাকে সুখ দুঃখ এবং তৎহেতুভূত রাজ্য ধন জন রোগ শোক যান বাহনাদি প্রদান করিয়া থাকেন। জাতক কোন্ সময়ে গ্রহনির্দ্দিষ্ট সেই সমস্ত ফল প্রাপ্ত হইবে, তাহাই নির্দ্ধারিত করিবার জন্য যোগিনী মুকুন্দ প্রভৃতি ৪২ প্রকার দশা প্রচলিত আছে। এই সমস্ত দশার মধ্যে ইচ্ছামত কোন এক দশায় ফল বলিলে সর্ব্বদাই প্রায় ফলব্যভিচার দৃষ্ট হইবে। জন্মলগ্ন এবং গ্রহগণের ভিন্ন ভিন্ন রাশিতে স্থিত্যাদি বশতঃ ফলবিচারার্থ ভিন্ন ভিন্ন দশা নির্দ্দিষ্ট আছে। যথা বৃহৎ পরাশরে :—

কৃষ্ণপক্ষে রবির হোরায় কিম্বা শুক্লপক্ষে চন্দ্রের হোরায় জন্ম হইলে কৃত্তিকাদি বিংশোত্তরী দশায় ফল বলিবার ব্যবস্থা ॥ ২ ॥ রাহু লগ্নস্থ না হইয়া যদি লগ্নেশ্বরের কেন্দ্রে বা কোণে অবস্থিত হ'ন, তাহা হইলে কৃত্তিকাদি বা আর্দ্রাদি অষ্টোত্তরী দশায় ফল বলাই কর্ত্তব্য ॥ ৩ ॥ শুক্লপক্ষে রবির হোরায় কিম্বা কৃষ্ণপক্ষে চন্দ্রের হোরায় জন্ম হইলে ষোড়শোত্তরী দশায়, ফল চিন্তা করা বিধেয় ॥ ৪ ॥ শুক্রের নবাংশে জন্ম হইলে ফল-চিন্তা জন্য দ্বাদশোত্তরী দশার আবশ্যক ॥ ৫

কর্কটলগ্নে কর্কটের দ্বাদশাংশে জন্ম হইলে নিঃশঙ্কচিত্তে পঞ্চোত্তরী দশায় ফল চিন্তা করিবে ॥ ৬ ॥ বর্গোত্তম নবাংশে জন্ম হইলে ফলচিন্তা জন্য শতাব্দিকাদশা গ্রাহ্য ॥ ৭ ॥ জন্মকালে দশমেশ্বর দশমস্থ থাকিলে ফলবিচার জন্য চতুরশীতিকা দশা ব্যবস্থা ॥ ৮ ॥ লগ্নেশ্বর সপ্তমস্থ কিম্বা সপ্তমাধিপ লগ্নস্থ হইলে দ্বিসপ্ততিকা দশায় ফলচিন্তা করিবে। মানসাগরীপদ্ধতি গ্রন্থে উক্ত হইয়াছে যে, যাহার কৃষ্ণপক্ষে দিবাভাগে এবং শুক্লপক্ষে রাত্রিভাগে জন্ম, তাহার বিংশোত্তরী দশাই শুভাশুভ ফলপ্রদা হয় ॥ ৯।১০

উপদেশ—জাতক, অষ্টোত্তরী ও বিংশোত্তরী এই উভয় দশার মধ্যে কোন

দশার অধিকারে জন্মগ্রহণ করিয়াছে, তাহা উপরোক্ত বচন প্রমাণ দ্বারা নিরূপণ করিয়া, পশ্চাৎ সেই দশানুসারে তাহার ভূত ভবিষ্যৎ ও বর্ত্তমান ভাগ্য-ফলাফল বিচার করা আবশ্যক। যদি উভয় দশার অধিকারে জন্মযোগ থাকে, তবে উভয় দশামতেই ফলাফল কল্পনীয়। বিংশোত্তরীর অধিকারস্থলে, অষ্টোত্তরীর ফলাফল বিচার্য্য নহে। কিন্তু অষ্টোত্তরীর অধিকারস্থলে বিংশোত্তরীর ফলাফল গ্রাহ্য। যে হেতু উক্ত হইয়াছে যে, বিংশোত্তরী দশা কলির জীবের সাধারণ সম্বন্ধে বিচার্য্য। বস্তুতই কার্য্যক্ষেত্রে সকলের সম্বন্ধে, বিংশোত্তরীয় দশার ফলাফল ঐক্য হইতে দেখা যায়। পারাশরীয় রাজযোগের ফল বিচার কালে পাছে ফলব্যভিচার সংঘটিত হয় এই আশঙ্কায় গ্রন্থকর্ত্তা প্রথমেই নাক্ষত্রিকী দশা নির্দ্দিষ্ট করিয়া দিয়াছেন। নাক্ষত্রিকী দশার মধ্যে "নাষ্টোত্তরী মতা" বলিয়া অষ্টোত্তরী দশাক্রমে ফলবিচার একেবারে নিষেধ করিয়া গিয়াছেন। অতএব রাজযোগের বিচার করিতে হইলে বিংশোত্তরী ব্যতীত অন্য কোন দশা গ্রাহ্য হইবে না।

## অষ্টোত্তরীদশাধিপ নির্ণয়ঃ।

ষট্ সূর্য্যস্য দশাজ্ঞেয়া শশিনো দশপঞ্চ চ।
অষ্টাবঙ্গারকস্যোক্তা বুধে সপ্তদশ স্মৃতাঃ॥ ১১
শনৈশ্চরে দশপ্রোক্তা গুরোরেকোনবিংশতিঃ।
রাহোর্দ্বাদশবর্ষাণি ভৃগোরপ্যেকবিংশতিঃ॥ ১২
কৃত্তিকাদিত্রয়ে সূর্য্যঃ সোমে রৌদ্রচতুষ্টয়ে।
মঘাদিত্রিতয়ে ভৌমে বুধো হস্ত চতুষ্টয়ে॥ ১৩
অনুরাধাত্রয়ে সৌরির্গুরুঃ পূর্ব্বচতুষ্টয়ে
ধনিষ্ঠাত্রিতয়ে রাহুঃ শুক্রঃ শেষচতুষ্টয়ে॥ ১৪

## বিংশোত্তরীদশাধিপ নির্ণয়ঃ।

পারাশরীয়ে। সূর্য্যেন্দুক্ষ্মাজ-তমসো বাক্পতির্মন্দ-চন্দ্রজৌ।
কেতুশুক্রৌ ক্রমাদেতে কৃত্তিকাদ্যা দশাধিপঃ॥ ১৫

ষড়বর্ষাণি সূর্য্যস্থ দশচন্দ্রস্থ সুব্রতে।
সপ্তবর্ষাণি ভৌমস্থ রাহোরষ্টাদশৈব তু ॥ ১৬
গুরোঃ ষোড়শ বিজ্ঞেয়াঃ সৌরস্যৈকোনবিংশতিঃ।
সপ্তদশ বুধস্যোক্তাঃ সপ্তকেতোশ্চ বৎসরাঃ ॥ ১৭
বিংশতি ভার্গবস্যোক্তা দশাভুক্তিক্রমেণ চ।
শতবিংশতিসংযুক্তং পরমায়ুঃ প্রকীর্ত্তিতম্ ॥ ১৮
নবর্ক্ষাণ্যগ্নিভাদ্যানি ত্রিরাবৃত্যানি সুন্দরি।
অধোধঃ স্থাপয়েৎ কোষ্ঠে নবকে কমলাননে ॥ ১৯

সূর্য্য ৬, চন্দ্র ১৫, মঙ্গল ৮, বুধ ১৭, শনি ১০, বৃহস্পতি ১৯, রাহু ১২, এবং শুক্র ২১ বৎসর যথাক্রমে মনুষ্যের জীবনে দশ ভোগ বা আধিপত্য করেন।

গ্রহগণের দশাভোগের নিয়ম,—অগ্রে রবি, তৎপরে চন্দ্র, তৎপরে মঙ্গল, তৎপরে বুধ, তৎপরে শনি, তৎপরে বৃহস্পতি, তৎপরে রাহু এবং তৎপরে শুক্রের দশা ভোগ হয়। কিন্তু যদি কাহারও শনির দশায় জন্ম হয়, তাহার অগ্রে শনির দশা ভোগ হইবে, তৎপরে বৃহস্পতি, তৎপরে রাহু, তৎপরে শুক্র, তৎপরে চন্দ্র, তৎপরে মঙ্গল, তৎপরে বুধের দশা ভোগ হইবে। অন্তর্দ্দশা ও প্রত্যন্তর্দ্দশা সম্বন্ধে এইরূপ ক্রম জানিবে ॥ ১১।১২

জন্মনক্ষত্রানুসারে দশা নির্ণয়,—কৃত্তিকা হইতে মৃগশিরা পর্য্যন্ত এই তিন নক্ষত্রের কোন এক নক্ষত্রে জন্ম হইলে প্রথমে রবির দশা হইবে; সেইরূপ আর্দ্রাদি চারি নক্ষত্রের কোন এক নক্ষত্রে জন্ম হইলে প্রথমে চন্দ্রের দশা; মঘাদি তিন নক্ষত্রের কোন এক নক্ষত্রে জন্ম হইলে প্রথমে মঙ্গলের দশা; হস্তাদি চারি নক্ষত্রের কোন এক নক্ষত্রে জন্ম হইলে প্রথমে বুধের দশা; অনুরাধাদি তিন নক্ষত্রের কোন এক নক্ষত্রে জন্ম হইলে প্রথমে শনির দশা; পূর্ব্বাষাঢ়াদি তিন নক্ষত্র ও অভিজিৎ ইহার কোন এক নক্ষত্রে জন্ম হইলে প্রথমে বৃহস্পতির দশা; ধনিষ্ঠাদি তিন নক্ষত্রের কোন এক নক্ষত্রে জন্ম হইলে প্রথমে রাহুর দশা এবং উত্তরভাদ্রপদ হইতে ভরণী পর্য্যন্ত চারি নক্ষত্রের কোন এক নক্ষত্রে জন্ম হইলে প্রথমে শুক্রের দশা হইবে ॥ ১৩।১৪

বিংশোত্তরীদশা গণনায় রবি, চন্দ্র, মঙ্গল, রাহু, বৃহস্পতি, শনি, বুধ কেতু ও শুক্র এইরূপ পর্য্যায়ানুসারে গ্রহের দশা হইয়া থাকে। এই দশা মতে রবির ৬ বৎসর, চন্দ্রের ১০ বৎসর, মঙ্গলের ৭ বৎসর, রাহুর ১৮ বৎসর, বৃহস্পতির ১৬ বৎসর, শনির ১৯ বৎসর, বুধের ১৭ বৎসর, কেতুর ৭ বৎসর এবং শুক্রের ২০ বৎসর দশাভোগের কাল নির্ণীত আছে। কৃত্তিকা নক্ষত্র হইতে আরম্ভ করিয়া ভরণী নক্ষত্র পর্য্যন্ত ২৭টী নক্ষত্রে রব্যাদি ৯টী গ্রহের দশা হয়। কৃত্তিকা নক্ষত্রে জন্ম হইলে প্রথমে রবির দশা, রোহিণী নক্ষত্রে জন্ম হইলে প্রথমে চন্দ্রের দশা, মৃগশিরা নক্ষত্রে জন্ম হইলে প্রথমে মঙ্গলের দশা, আর্দ্রা নক্ষত্রে জন্ম হইলে প্রথমে রাহুর দশা হয়; এইরূপ প্রণালীতে জন্ম কালে জাতকের জন্মনক্ষত্রানুসারে দশা নিরূপিত হইয়া থাকে ॥ ১৫—১৯

## অষ্টোত্তরীয়ান্তর্দ্দশানয়নম্।

স্বদশাভিদশাং হত্বানবভির্ভাগমাহরেৎ।
লব্ধা মাসাস্তু তচ্ছেষং পূরয়িত্বাতু ত্রিংশতা ॥ ২০
অঙ্কৈর্হৃত্বা দিনং লভ্যং তচ্ছেষে ষষ্টিপূরিতে।
নবভিশ্চহৃতে জ্ঞেয়া লব্ধা দণ্ডাস্তদন্তরে ॥ ২১

## বিংশোত্তরীয়ান্তর্দ্দশানয়নম্।

দশ দশাহতা কার্য্যা দশভির্ভাগমাহরেৎ।
যল্লব্ধং তদ্ভবেন্মাসাস্ত্রিংশঘ্নে চ দিনানি চ ॥ ২২
যদ্ গ্রহস্যান্তরে যস্ত যৎ সংখ্যং কালমাপ্তবান্।
তদ্গ্রহস্যান্তরে তস্মৈ স দদ্যাদিতি নিশ্চয়ঃ ॥ ২৩

অন্তর্দ্দশা আনয়নের নিয়ম;—যে গ্রহের দশায় যে গ্রহের অন্তর্দ্দশা আনয়ন করিতে হইবে, সেই গ্রহের দশাবর্ষ সংখ্যাকে, সেই গ্রহের দশাবর্ষ সংখ্যা দ্বারা গুণ করিয়া, অষ্টোত্তরী হইলে ৯ দ্বারা এবং বিংশোত্তরী হইলে ১০ দ্বারা হরণ করিতে হইবে। যাহা লব্ধ ফল, তত সংখ্যক মাস; এবং যাহা অবশিষ্ট থাকিবে, তাহাকে ৩০ দ্বারা গুণ করিয়া, উক্ত ৯ বা ১০ দ্বারা হরণ করিলে, যাহা লব্ধ ফল তত সংখ্যক দিন; তদবশিষ্ট যাহা থাকিবে, তাহাকে ৬০ দ্বারা

গুণ করিয়া, ৯ কিম্বা ১০ দ্বারা হরণ করিলে যাহা লব্ধফল তত সংখ্যক দণ্ড, সেই গ্রহের অন্তর্দ্দশা নিরূপিত হইবে ॥ ২০—২৩ ॥

উদাহরণ যথা ;—অষ্টোত্তরী রবিদশা বর্ষ (৬×৬) ÷ ৯ = ৪ মাস, ইহাই রবিদশায় রবির নিজান্তর্দ্দশা। (৬×১৫) ÷ ৯ = ১০ মাস, ইহাই রবিদশায় চন্দ্রের অন্তর্দ্দশা, ইত্যাদি।

বিংশোত্তরী রবিদশাবর্ষ ৬, ইহাকে ৬ দিয়া গুণ করিয়া ১০ দিয়া ভাগ করিলে ভাগফল ৩ মাস ১৮ দিন হয়, ইহাই রবির নিজান্তর্দ্দশা।

(৬×১০) ÷ ১০ = ৬ মাস, ইহাই রবিদশায় চন্দ্রের অন্তর্দ্দশা, ইত্যাদি।

## অষ্টোত্তরী প্রত্যন্তর্দ্দশানয়নম্।

**অন্তর্দ্দশা-দ্যুবৃন্দঞ্চ হন্যাৎ স্বাব্দৈর্গ্রহস্য চ।**
**অষ্টোত্তরশতেনাপ্তং ঘস্রাঃ শেষং পলাদিকম্॥ ২৪**

## বিংশোত্তরী প্রত্যন্তর্দ্দশানয়নম্।

**অন্তর্দ্দশা-দ্যুবৃন্দঞ্চ হন্যাৎ স্বাব্দৈর্গ্রহস্য চ।**
**বিংশোত্তরশতেনাপ্তং ঘস্রাঃ শেষং পলাদিকম্॥ ২৫**

প্রত্যন্তর্দ্দশা আনয়নের নিয়ম ;—যে গ্রহের অন্তর্দ্দশার প্রত্যন্তর্দ্দশা নিরূপণ করিতে হইবে, সেই অন্তর্দ্দশার বর্ষ-মাসাদিকে দিন করিয়া, যে গ্রহের প্রত্যন্তর্দ্দশা নির্ণয় করিতে হইবে, সেই গ্রহের দশাবর্ষসংখ্যা দ্বারা গুণ করিয়া অষ্টোত্তরী হইলে সেই গুণফলকে ১০৮ এবং বিংশোত্তরী হইলে ১২০ দ্বারা হরণ করিলে, লব্ধফল দিনাদি যাহা হইবে, তাহাই সেই গ্রহের প্রত্যন্তর্দ্দশা নিরূপিত হইবে।

নিয়মান্তর ;—অথবা অন্তর্দ্দশার বর্ষ মাসাদিকে দিন করিয়া, অষ্টোত্তরী স্থলে ১০৮ এবং বিংশোত্তরী স্থলে ১২০ দ্বারা হরণ করিলে লব্ধফল ধ্রুবাঙ্ক হইবে। সেই ধ্রুবাঙ্ককে, যে গ্রহের প্রত্যন্তর্দ্দশা আনয়ন করিতে হইবে সেই গ্রহের দশাবর্ষসংখ্যা দ্বারা গুণ করিলে, গুণফল যাহা দিনাদি হইবে, তাহাই সেই গ্রহের প্রত্যন্তর্দ্দশা নিরূপিত হইবে ॥ ২৫ ॥

উদাহরণ যথা ;—অষ্টোত্তরী রবিদশায় রবির অন্তর্দ্দশা ৪ মাস অর্থাৎ ১২০ দিন, ইহাকে ৬ দ্বারা গুণ করিয়া, গুণফলকে ১০৮ দিয়া ভাগ করিলে ভাগফল

৬ দিন ৪০ দণ্ড হয়, ইহাই রবিদশায় রবির অন্তরে রবির নিজ প্রত্যন্তর্দ্দশা। তদ্রূপ চন্দ্রের প্রত্যন্তর্দ্দশা (৪ × ৩০ × ১৫) ÷ ১০৮ = ১৬ দিন ৪০ দণ্ড; ইহাই রবিদশায় রবির অন্তরে চন্দ্রের প্রত্যন্তর্দ্দশা। বিংশোত্তরী রবিদশায় রবির অন্তর্দ্দশা মাসাদি ৩।১৮ = ১০৮ দিন ইহাকে ৬ দিয়া গুণ করিয়া ১২০ দিয়া ভাগ করিলে ভাগফল ৫ দিন ২৪ দণ্ড হয়, ইহাই রবিদশায় রবির নিজান্তরে রবির প্রত্যন্তর্দ্দশা। উক্ত ১০৮কে ১০ দিয়া গুণ করিয়া ১২০ দ্বারা ভাগ করিলে ভাগফল ৯ দিন হয়, ইহাই রবিদশায় রবির অন্তরে চন্দ্রের প্রত্যন্তর্দ্দশা। সুধীগণ এইরূপ নিয়মে প্রত্যেক গ্রহের স্থূলদশায়, প্রত্যেক গ্রহের অন্তরে, প্রত্যেক গ্রহের প্রত্যন্তর্দ্দশা নিরূপণ করিবেন।

## অষ্টোত্তরীদশা নির্ণয়-চক্র।

| রবি | চন্দ্র | মঙ্গল | বুধ | শনি | বৃহস্পতি | রাহু | শুক্র |
|---|---|---|---|---|---|---|---|
| ৩ কৃত্তিকা<br>৪ রোহিণী<br>৫ মৃগশিরা | ৬ আর্দ্রা<br>৭পুনর্ব্বসু<br>৮ পুষ্যা<br>৯অশ্লেষা | ১০ মঘা<br>১১ পূর্ব্ব ফল্গুনী<br>১২উত্তর ফল্গুনী | ১৩ হস্তা<br>১৪ চিত্রা<br>১৫ স্বাতী<br>১৬বিশাখা | ১৭ অনু-রাধা<br>১৮জ্যেষ্ঠা<br>১৯ মূলা | ২০ পূর্ব্বা ষাঢ়া<br>২১উত্তরা ষাঢ়া<br>০অভিজিৎ<br>২২শ্রবণা | ২৩ধনিষ্ঠা<br>২৪ শত-ভিষা<br>২৫ পূর্ব্ব-ভাদ্রপদ | ২৬উত্তর ভাদ্রপদ<br>২৭রেবতী<br>১অশ্বিনী<br>২ ভরণী |
| ৬ বর্ষ | ১৫ বর্ষ | ৮ বর্ষ | ১৭ বর্ষ | ১০ বর্ষ | ১৯ বর্ষ | ১২ বর্ষ | ২১ বর্ষ |

চক্র দৃষ্টে সহজে প্রতীয়মান হইবে।

বৃহস্পতির দশা কষিবার নিয়মসম্বন্ধে মতভেদ আছে। কোন মতে ১৯ বৎসরকে সমান চারি অংশে বিভাগ করিয়া প্রত্যেক নক্ষত্রপতি ৪ বৎসর ৯ মাস দশামান ধরা হয়। দ্বিতীয় মত এই যে, পূর্ব্বাষাঢ়া ৪।৯, উত্তরাষাঢ় ৭।১।১৫ এবং শ্রবণা ৭।১।১৫।

কোন্ নক্ষত্রে জন্ম হইলে অগ্রে কোন্ গ্রহের দশা হইবে, তাহা পূর্ব্বপৃষ্ঠস্থ চক্র হইতে সহজে প্রতীয়মান হইবে।

**ভুক্ত ও ভোগ্যদশা** ;—জন্মনক্ষত্রের কত সময় গতে জাতকের জন্ম হইয়াছে, তাহা জানিয়া ভুক্ত ও ভোগ্যদশা নির্ণয় করিতে হয়। যদি জন্মনক্ষত্রের প্রারম্ভেই জাতকের জন্ম হয়, তাহা হইলে নক্ষত্র পরিমাণ সমস্ত দশা তাহার ভোগ হইবে, কিন্তু জন্ম-নক্ষত্রের কিয়দংশমান গত হইলে সেই অতীত পরিমাণ দশাকে ভুক্ত দশা এবং অবশিষ্ট দশাকে ভোগ্যদশা কহে। ত্রৈরাশিক দ্বারা ভুক্ত ও ভোগ্যদশার কাল নির্ণয় করা যায়। ভুক্ত ও ভোগ্যদশা নির্ণয় করিতে হইলে জন্মনক্ষত্র-মান ও তাহার অতীত ভোগ্য অংশমান জানা আবশ্যক, তাহা জানিয়া নিম্নলিখিত প্রকারে ত্রৈরাশিক দ্বারা ভোগ্যদশা অবগত হইতে পারা যাইবে যথা :—

জন্মনক্ষত্রমানঃ নক্ষত্রভোগ্যমানঃ : স্থূলদশাঃ ভোগ্যদশা।

**উদাহরণ।** এই গ্রন্থের ৪৭ পৃষ্ঠায় ২নং কোষ্ঠী অবলম্বনে উদাহরণ প্রদত্ত হইতেছে।

জাতক ১৭ অনুরাধানক্ষত্রে জন্মগ্রহণ করিয়াছে ; ঐ দিবসে উক্ত নক্ষত্রের স্থিতিমান ৫৬।২০ এবং শিশুটির জন্মের পর উক্ত নক্ষত্র ১০ দণ্ড ৪৪ পল ছিল। অনুরাধানক্ষত্রে জন্ম হইলে বিংশোত্তরীমতে প্রথমে শনির দশা, শনির দশার পরিমাণ ১৯ বৎসর ; সুতরাং—

| | | |
|---|---|---|
| ৫৬।২০ : | ১০।৪৪ :: | ১৯ : ভোগ্যদশা। |
| পল | পল | বৎসর |
| বা ৩৩৮০ : | ৬৪৪ :: | ১৯ : ভোগ্যদশা। |

$$\therefore \text{ভোগ্যদশা-কাল} = \frac{৬৪৪ \times ১৯}{৩৩৮০} \text{বৎসর।}$$

= ৩।৮।৭ বর্ষাদি।

## পঞ্চবিধ দশাভুক্ত্যন্তর-নির্ণয়মাহ।

অথ বক্ষ্যে খগেশানাং ভুক্তিং পঞ্চবিধামহম্।
দশা চান্তর্দ্দশা চৈব প্রত্যন্তরদশা তথা॥
সূক্ষ্মভুক্তিঃ প্রাণদশাপ্যেবং পঞ্চদশাঃ স্মৃতাঃ॥ ২৬

পঞ্চবিধ দশাভুক্ত্যন্তর ;—স্থূলদশা, অন্তর্দ্দশা, প্রত্যন্তর্দ্দশা, সূক্ষ্মভুক্তি ও প্রাণদশা, পরাশর-সংহিতায় উক্ত পাঁচ প্রকার দশাভুক্তি নির্দ্দিষ্ট হইয়াছে। আমরা পূর্ব্বে দশা, অন্তর্দ্দশা ও প্রত্যন্তর্দ্দশা, এই তিন প্রকারের উল্লেখ করিয়াছি, এক্ষণে সূক্ষ্মভুক্তি ও প্রাণদশা আনয়নের নিয়ম লিখিত হইতেছে॥ ২৬

## সূক্ষ্মদশাকরণমাহ।

স্বোপদশা-ঘটীবৃন্দং হত্বা স্বাব্দগ্রহেণ চ।
বিংশোত্তরশতেনাপ্তং লিপ্তাশেষং পলাদিকম্॥ ২৭

## প্রাণদশানয়নমাহ।

স্বসূক্ষ্মাখ্য-দশায়াশ্চ পিণ্ডে বিঘাটকাত্মকে।
স্বাব্দৈর্হন্যাৎ পুতস্তষ্টে বিংশোত্তরশতেন চ॥
লব্ধং বিঘটিকা জ্ঞেয়া বিপলানি ততঃ পরম্॥ ২৮

প্রত্যন্তর্দ্দশার মাস দিন দণ্ডকে দণ্ডে আনয়ন করিয়া, গ্রহগণের স্বীয় স্বীয় দশাবর্ষ সংখ্যা দ্বারা গুণ করতঃ, অষ্টোত্তরী হইলে সেই গুণফলকে ১০৮ এবং বিংশোত্তরী হইলে ১২০ দ্বারা হরণ করিলে, লব্ধফল দণ্ডাদি, গ্রহগণের প্রত্যন্তর্দ্দশা নিরূপিত হইবে। অথবা প্রত্যন্তর্দ্দশা মাসাদিকে দণ্ডে আনয়ন করিয়া, অষ্টোত্তরীস্থলে ১০৮ এবং বিংশোত্তরীস্থলে ১২০ দ্বারা হরণ করিলে লব্ধফল ধ্রুবাঙ্ক হইবে। সেই ধ্রুবাঙ্ককে গ্রহগণের স্বীয় স্বীয় দশাবর্ষ সংখ্যা দ্বারা গুণ করিলে সূক্ষ্মভুক্তি নিরূপিত হইবে। উদাহরণ যথা,—অষ্টোত্তরী র-র-র প্রত্যন্তর্দ্দশা ৬ দিন ৪০ দণ্ড, উহাকে দণ্ডে আনয়ন করিয়া ৪০০ হইল। ঐ ৪০০ কে ৬ দ্বারা গুণ করিয়া ১০৮ দিয়া ভাগ করিলে ২২ দণ্ড, ১৩ পল, ২০ বিপল হয়, ইহাই রবির প্রত্যন্তরে রবির সূক্ষ্মভুক্তি। বিংশোত্তরী র-র-র প্রত্যন্তর্দ্দশা ৫ দিন ২৪ দণ্ড, উহাকে দণ্ড করিলে ৩২৪ হয়। ঐ ৩২৪÷১২০ =২।৪২×৬=১৬ দণ্ড ১২ পল, ইহাই রবির প্রত্যন্তরে রবির সূক্ষ্মভুক্তি। উক্ত ধ্রুবাঙ্ক ২।৪২×১০=২৭ দণ্ড, ইহা চন্দ্রের সূক্ষ্মভুক্তি। দিনফল-কোষ্ঠি লেখার আবশ্যক হইলে উক্ত নিয়মে সূক্ষ্মভুক্তি নিরূপণ করা আবশ্যক হয়॥ ২৭

প্রাণদশা নিরূপণ ;—সূক্ষ্মভুক্তির দিন, পলকে পলে (বিপল

থাকিলে বিপলে) আনয়ন করিয়া, গ্রহগণের স্বীয় স্বীয় দশাবর্ষ সংখ্যা দ্বারা গুণ করতঃ, অষ্টোত্তরী হইলে সেই গুণফলকে ১০৮ এবং বিংশোত্তরী হইলে ১২০ দ্বারা হরণ করিলে, লব্ধফল দণ্ডাদি (বা বিপলাদি) গ্রহগণের প্রাণদশা নিরূপিত হইবে। অথবা সূক্ষ্মভুক্তির পলাদিকে, (বা বিপলাদিকে) অষ্টোত্তরী-স্থলে ১০৮ এবং বিংশোত্তরীস্থলে ১২০ দ্বারা হরণ করিলে, লব্ধফল ধ্রুবাঙ্ক হইবে। সেই ধ্রুবাঙ্ককে গ্রহগণের স্বীয় স্বীয় দশাবর্ষ সংখ্যা দ্বারা গুণ করিলে প্রাণদশা নিরূপিত হইবে। উদাহরণ যথা;—অষ্টোত্তরী র-র-র-র সূক্ষ্মভুক্তি ২২ দণ্ড ৩ পল ২০ বিপল। উহাকে বিপল করিলে ৮০০০০ বিপল হয়, উহাকে ৬ দিয়া গুণ করিয়া সেই গুণফলকে ১০৮ দিয়া ভাগ করিয়া ভাগফল ৪৪৪৪। ২৬।৪০ হইল; উহাকে পল করিলে ৭৪।৪।২৬।৪০ হইল; উহাকে দণ্ড করিলে দণ্ডাদি ১।১৪।৪।২৬।৪০ যাহা হইল, ইহাই রবির সূক্ষ্মভুক্তিতে রবির প্রাণদশা। বিংশোত্তরী র-র-র-র সূক্ষ্মভুক্তি ১৬ দণ্ড ২২ পল; উহাকে পল করিলে ৯৮২ হইল। ঐ ৯৮২ ÷ ১২০ = ৮।১১ ধ্রুবাঙ্ক। ঐ ধ্রুবাঙ্ক ৮।১১ কে ৬ দিয়া গুণ করিয়া ৪৯ পল ৬ বিপল যাহা হইল, উহাই রবির সূক্ষ্মভুক্তিতে রবির প্রাণদশা নিরূপিত হইল ॥ ২৮ ॥

## অথ দশাস্ফুট-ভোগ্যানয়নম্।

স্ফুটতরো হিমগুঃ কলিকাত্মকঃ খ-খ-গজৈর্বিভজেদ্গত-ঋক্ষকম্।
তদুড়ু বর্ষগুণঞ্চ সমাদিকং খ-খ-গজৈর্বিভজেৎ ফলমত্র চ ॥ ২৯

অতঃপর চন্দ্রস্ফুট হইতে স্ফুটভোগ্যদশা নিরূপণের নিয়ম লিখিত হইতেছে; চন্দ্রস্ফুট-রাশ্যংশাদিকে কলায় আনয়ন করিয়া যত কলাদি হইবে, তাহাকে ৮০০ শত দ্বারা ভাগ করিলে যাহা লব্ধ হইবে, তদঙ্ক দ্বারা গত নক্ষত্র অর্থাৎ জন্মনক্ষত্রের পূর্ব্বনক্ষত্র জানা যায় এবং (উক্ত লব্ধাঙ্ক হইতে ১ বাদ দিয়া যাহা থাকিবে, তাহা ৯এর অধিক হইলে ৯ দ্বারা হরণ করিয়া যাহা অবশিষ্ট থাকিবে, তদ্দ্বারা কোন্ গ্রহের দশায় জন্ম হইয়াছে জানা যায়। অর্থাৎ ১ থাকিলে রবিদশা, ২ থাকিলে চন্দ্রদশা, তিনে মঙ্গলদশা, চারে রাহুদশা ইত্যাদি যাহা অবশিষ্ট থাকিবে, তদঙ্ক হইতে দশার ভুক্তবর্ষাদি নিরূপণ করিতে হয়।

তাহার নিয়ম যথা,—উক্ত অবশিষ্ট অঙ্ককে, যে গ্রহের দশায় জন্ম নিরূপিত হইয়াছে, সেই দশাপতি গ্রহের দশাবর্ষ সংখ্যা দ্বারা গুণ করিয়া গুণফলকে ৮০০ শত দ্বারা ভাগ করিলে লব্ধাঙ্ক স্ফুটদশার ভুক্তবর্ষ নিরূপিত হইবে। অবশিষ্ট অঙ্ককে ১২ দ্বারা গুণ করিয়া ৮০০ শত দ্বারা ভাগ করিলে, লব্ধফল স্ফুটদশার মাস নিরূপিত হইবে। তদবশিষ্ট অঙ্ককে ৩০ দ্বারা গুণ এবং ৮০০ শত দ্বারা ভাগ করিলে লব্ধফল দিন; তদবশিষ্টকে ৬০ দ্বারা গুণ এবং তাহাকে ৮০০ দ্বারা ভাগ করিলে দণ্ড; এবং তদবশিষ্ট হইতে উক্ত নিয়মে পলাদি নিরূপিত হইবে। কথিত নিয়মে দশাভুক্ত-বর্ষাদি নিরূপণ করিয়া দশাপতির বর্ষ সংখ্যা হইতে বাদ দিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহাই স্ফুটভোগ্যদশা বর্ষাদি নিরূপিত হইয়া থাকে ॥ ২৯

## অষ্টোত্তরী অন্তর্দ্দশা বিভাগ-চক্র

| রবি-দশা ৬ বৎসর। | | চন্দ্রদশা ১৫ বৎসর। | |
|---|---|---|---|
| র র | ০।৪।০ | চ চ | ২।১।০ |
| র চ | ০।১০।০ | চ ম | ১।১।১০ |
| র ম | ০।৫।১০ | চ বু | ২।৪।১০ |
| র বু | ০।১১।১০ | চ শ | ১।৪।২০ |
| র শ | ০।৬।২০ | চ বৃ | ২।৭।২০ |
| র বৃ | ১।০।২০ | চ রা | ১।৮।০ |
| র রা | ০।৮।০ | চ শু | ২।১১।০ |
| র শু | ১।২।০ | চ র | ০।১০।০ |

| | |
|---|---|
| মঙ্গল-দশা ৮ বৎসর। | বুধ-দশা ১৭ বৎসর। |
| ম ম ০।৭।৩।২০ | বু বু ২।৮।৩।২০ |
| ম বু ১।৩।৩।২০ | বু শ ১।৬।২৬।৪০ |
| ম শ ০।৮।২৬।৪০ | বু বৃ ২।১১।২৬।৪০ |
| ম বৃ ১।৪।২৬।৪০ | বু রা ১।১০।২০।০ |
| ম রা ০।১০।২০।০ | বু শু ৩।৩।২০।০ |
| ম শু ১৬।২০।০ | বু র ০।১১।১০।০ |
| ম র ০।৫।১০।০ | বু চ ২।৪।১০।০ |
| ম চ ১।১।১০।০ | বু ম ১।অ৩।২০ |
| শনি-দশা ১০ বৎসর। | বৃহস্পতি-দশা ১৯ বৎসর। |
| শ শ ০।১১।৩।২০ | বৃ বৃ ৩।৪।৩।২০ |
| শ বৃ ১।৯।৩।২০ | বৃ রা ২।১।১০।০ |
| শ রা ১।১।১০।০ | বৃ শু ৩।৮।১০।০ |
| শ শু ১।১১।১০।০ | বৃ র ১।০।২০।০ |
| র র ০।৬।২০।০ | বৃ চ ২।৭।২০।০ |
| শ চ ১।৪।২০।০ | বৃ ম ১।৪।২৬।৪০ |
| শ ম ০।৮।২৬।৪০ | বৃ বু ২।১১।২৬।৪০ |
| শ বু ১।৬।২৬।৪০ | বৃ শ ১।৯।৩।২০ |
| রাহু-দশা ১২ বৎসর। | শুক্র-দশা ২১ বৎসর। |
| রা রা ১।৪।০ | শু শু ৪।১।০ |
| রা শু ২।৪।০ | শু র ১।২।০ |
| রা র ০।৮।০ | শু চ ২।১১।০ |
| রা চ ১।৮।০ | শু ম ১।৬।২০ |
| রা ম ০।১০।২০ | শু বু ৩।৩।২০ |
| রা বু ১।১০।২০ | শু শ ১।১১।১০ |
| রা শ ১।১।১০ | শু বৃ ৩।৮।১০ |
| রা বৃ ২।১।১০ | শু রা ২।৪।০ |

| বুধ-দশা ১৭ বৎসর | | কেতু-দশা ৭ বৎসর | | শুক্র-দশা ২০ বৎসর | |
|---|---|---|---|---|---|
| | ব, মা, দি | | ব, মা, দি | | ব, মা, দি |
| বু বু | ২।৪।২৭ | কে কে | ০।৪।২৭ | শু শু | ৩।৪।০ |
| বু কে | ০।১১।২৭ | কে শু | ১।২।০ | শু র | ১।০।০ |
| বু শু | ২।১০।০ | কে র | ০।৪।৬ | শু চ | ১।৮।০ |
| বু র | ০।১০।৬ | কে চ | ০।৭।০ | শু ম | ১।২।০ |
